NARSINGHA

ই-পেপার: www.ekdin epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ

একদিন

Website : www.ekdinnews.com

http://youtub.com/@dailyekdin2165

Epaper : ekdin-epaper.com

৪ বেলডাঙা বেনিয়াপাড়া এলাকার আবেগ বুড়িমাতা

জ্বালাও আলো, আপন আলো, জয় করো এই তামসীরে ১০

কলকাতা ১১ নভেম্বর ২০২৩ ২৪ কার্তিক ১৪৩০ শনিবার সপ্তদশ বর্ষ ১৪৯ সংখ্যা ১২ পাতা ৩.০০ টাকা ■ Kolkata, 11.11.2023, Vol.17, Issue No. 149, 12 Pages, Price 3.00

ডায়মন্ড হারবার মডেলে ৭০ হাজার মহিলাকে ভাতা

লোকসভা ভোটের আগে মাস্টারস্ট্রোক অভিষেকের

নিজস্ব সংবাদদাতা, ডায়মন্ড হারবার: ডায়মন্ড হারবার লোকসভায় প্রায় ৭০ হাজার বয়স্ক মহিলা ভাতার জন্য আবেদন করেছেন। সরকার নয়, তৃণমূল কংগ্রেস চাঁদা তুলে ৭০ হাজার মানুষকে সাহায্য করবে। লোকসভা ভোটের আগে মাস্টারস্ট্রোক সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের।

শুক্রবার ডায়মন্ড হারবার লোকসভার ফলতার ফতেপুর হাইস্কুলে বিজয়া সম্মেলনী ও বস্ত্রবিতরণের আয়োজন করেছিল তৃণমূল। সেই অনুষ্ঠানে যোগ দিয়ে এমনটাই ঘোষণা করলেন সাংসদ অভিষেক। মঞ্চ থেকে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ও বিজেপিকে একযোগে নিশানা করে তিনি বলেন, 'বিজেপি রাজনৈতিকভাবে পেরে না উঠে বারে বারে কেন্দ্রীয় সংস্থা দিয়ে হেনস্থা করছে। ধর্নার সময়ও আমাকে সমন করা হয়। আবার দুর্গাপুজোর পর সমন করা হয়। ৬ হাজার পাতার নথি দিয়েছি। ২০২০ সালে আমি যে কথা বলেছিলাম, এখনও সেই কথা বলেছি। কয়লা কেলেঙ্কারিতে যেহেতু কিছু করা যায়নি বলে শিক্ষক নিয়োগ দুর্নীতিতে পরিবারকে জড়ানো হয়েছে। কুৎসা করা হয়েছে। কিন্তু আমি অন্য ধাতুকে গড়া। আমাকে দিয়ে জয়বাংলা ছাড়া অন্য কিছু বলানো যাবেনা। বিজেপির ডায়মন্ড হারবারে কোনও পার্টি অফিস পর্যন্ত নেই।'

অভিষেক আরও বলেন, 'গত ৯ বছরে সাংসদ হিসেবে উন্নয়নের খতিয়ান তুলে দিয়েছি। ২০১৭ সালে ১৪০০ কোটি টাকা জলপ্রকল্পের কাজ চলছে। ৫০০ কোটি দিয়ে ফেস টু চালু হয়েছে। রাস্তাশ্রী প্রকল্পে ১৭০টি ফলতায় করেছি। ৬০০ কোটি টাকার রাস্তা ৯ বছরে করেছি। কোভিডের সময় ২১টি কমিউনিটি কিচেন করে খাবার দিয়েছি লোকসভা এলাকায়। আমাদের প্রতিনিধিদের কোনও মূল্য নেই। মাথা নিচু করলে জনতা জনার্দনের কাছে করব। কিন্তু কোনও বহিরাগতর কাছা মাথা নত করব না। এটাই বস্ত্র বিতরণের শেষ অনুষ্ঠান। সামনের বছর থেকে আপনার বাড়িতে পৌঁছে দেবে দলের কর্মীরা। জনপ্রতিনিধির কাজ জুমলা নয়। ধর্মে ধর্মে যারা বিভাজন করতে চায় তাঁদের চিহ্নিত করুন। আমি সবধর্মের মানুষের জন্য কাজ করে চলেছি। আমি যতদিন আছি ডায়মন্ড হারবারে ধর্মের বিভাজন করতে দেব না। বিজেপি অনেক চেষ্টা করেছে। ফলতায় সাম্প্রদায়িক হানাহানির চেষ্টা হয়েছে। কিন্তু আমি দাঁড়িয়ে থেকে তা রুখেছি।'

বহুল চর্চিত ডায়মন্ড হারবার মডেলের কথা স্মরণ করিয়ে অভিষেক বলেন, 'এবার পয়লা জানুয়ারি থেকে ৭০ হাজার মহিলাকে আমরা ভাতা তুলে দেব সরকারি সাহায্য ছাড়া। এটাই ডায়মন্ড হারবার মডেল। ভোট ও কেন্দ্রীয় ২০১৯ সালে ডায়মন্ড হারবার লোকসভায় তিন দফায় ভোট হয়েছে। কেন্দ্র হাজার চেষ্টা করলেও ভাতে মারতে পারবে না।'

সম্প্রতি, ডায়মন্ড হারবার থেকে লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছিলেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। আর যা নিজে জোর চর্চা শুরু হয়ে গিয়েছে রাজ্য রাজ্যনীতিতে। সেই ইস্যুতেই এবার সাংসদ অভিষেক বলেন, 'অনেকে ডায়মন্ড হারবার থেকে দাঁড়ানোর ইচ্ছে প্রকাশ করেছে। দাঁড়াক, এটাই গণতন্ত্র। এটাই গণতন্ত্রের রীতিনীতি। ইচ্ছে করলে গুজরাত, উত্তরপ্রদেশের নেতারা ইচ্ছে করলে দাঁড়াতে পারেন। এতো উড়ে যাবে ভোকাট্টা হয়ে যাবে। আমি এলাকার শান্তি শৃঙ্খলা নষ্ট করতে দেব না। বড়ফুলের থেকে টাকা নেবেন, আর ছোট ফুলে ভোট দেবেন। ২০১৯ সালে সিপিএম সাম্প্রদায়িক তাস খেলেছে। বালিগঞ্জ থেকে প্রার্থী ধরে এনেছিল। বিজেপি দক্ষিণ দিনাজপুর থেকে প্রার্থী এনেছিল। ৩ লক্ষ ২১ হাজারের ব্যবধান ৪ লক্ষ করতে হবে।'

২৫৩ বিএড কলেজের অনুমোদন বাতিল করল শিক্ষা দপ্তর

নিজস্ব প্রতিবেদন: পর্যাপ্ত পরিকাঠামো না থাকার অভিযোগে একধাক্কায় রাজ্যের ২৫৩টি বিএড কলেজের অনুমোদন বাতিল হল। রাজ্যে মোট ৬২৪টি বিএড কলেজ ছিল। তার মধ্যে ২৫৩টি কলেজের অনুমোদন বাতিল করল শিক্ষা দপ্তর।

প্রাথমিকভাবে জানা যাচ্ছে, এই বিএড কলেজগুলির অনুমোদন বাতিল করা হয়েছে। ২৫৩টি বিএড কলেজের অনুমোদন যে বাতিল হতে পারে, এমন সম্ভাবনার কথা আগেই জানা গিয়েছিল। এবার শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টের একটি নির্দেশিকার সাপেক্ষে রাজ্যের বিএড বিশ্ববিদ্যালয় ৩৭১টি বিএড কলেজকে অনুমোদন দিয়েছে বলে জানা যাচ্ছে। বাকি ২৫৩টি বিএড কলেজ কোনও অনুমোদন পায়নি বলেই খবর। অর্থাৎ, এই সিদ্ধান্তের ফলে রাজ্যের একাধিক বিএড কলেজ এক ধাক্কায় অনুমোদন হারাল।

জানা যাচ্ছে, যে বিএড কলেজগুলিতে নির্দিষ্ট সংখ্যক শিক্ষক ছিলেন না কিংবা অন্যান্য পর্যাপ্ত পরিকাঠামো ছিল না, সেই বিএড কলেজগুলির অনুমোদন এবার বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রসঙ্গত, এর আগেও একাধিক বিএড কলেজের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছিল। প্রশ্ন উঠেছিল সেখানকার পরিকাঠামো নিয়ে। এমন প্রায় ২০০-র বেশি বিএড কলেজ ঘিরে প্রশ্ন উঠেছিল বলে সূত্রের খবর। এমন অবস্থায় বিএড বিশ্ববিদ্যালয়ের তরফে আগেই সতর্ক বার্তা দিয়ে রাখা হয়েছিল।

নিয়োগ দুর্নীতি মামলা জামিন 'মিডলম্যান' প্রসন্নর

নিজস্ব প্রতিবেদন: নিয়োগ দুর্নীতি মামলায় জামিন পেলেন আরও ১ অভিযুক্ত। শুক্রবার প্রসন্ন রায়ের জামিনের আবেদন মঞ্জুর করেন শীর্ষ আদালত। উত্তর ২৪ পরগনা-সহ রাজ্যের বিস্তীর্ণ এলাকার চাকরিপ্রার্থীদের থেকে টাকা তুলে পার্থ চট্টোপাধ্যায়কে পাঠাতেন এই প্রসন্ন রায়। দেশে ও দেশের বাইরে তাঁর বিপুল সম্পত্তির খোঁজ পেয়েছে ইডি ও সিবিআই।

এদিকে সূত্রে খবর, এদিন প্রসন্ন রায়ের হয়ে সুপ্রিম কোর্টে সওয়াল করেন মুকুল রোহতগি। এরপরই তাঁকে জামিন দেওয়ার সিদ্ধান্ত নেয় আদালত। প্রসঙ্গত, ২০২২ সালের অগস্ট মাসে গ্রেপ্তার হয়েছিলেন প্রসন্ন রায়। এসএসসি দুর্নীতিতে সিবিআই তাঁকে গ্রেপ্তার করলেও পরে প্রাথমিক নিয়োগ দুর্নীতিতেও তাঁকে হেপাজতে নেন তদন্তকারীরা।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকদের দাবি, প্রসন্ন রায় পার্থ চট্টোপাধ্যায়ের দূর সম্পর্কের আত্মীয়। উত্তর ২৪ পরগনা ও লাগোয়া এলাকার চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা তুলে তা পার্থ চট্টোপাধ্যায়ের কাছে পাঠাতেন তিনি। সেজন্য বিধাননগরে একটি পরিবহণ সংস্থার দপ্তর খুলেছিলেন তিনি। সেই দপ্তর থেকেই চলত জালিয়াতির কারবার। প্রসন্নের পাঠানো তালিকা মিলিয়ে অযোগ্যদের চাকরি দেওয়ার ব্যবস্থা করতেন পার্থ। নিয়োগ দুর্নীতির মামলায় এই নিয়ে তৃতীয় কোনও ব্যক্তি জামিন পেলেন। এর আগে মানিক ভট্টাচার্যের স্ত্রী শতরূপা এবং ওএমআর শিট পরীক্ষার দায়িত্বে থাকা সংস্থা নাইসার কর্তা নীলাদ্রি দাস জামিন পেয়েছেন।

এদিন প্রসন্ন রায়ের জামিন মামলার শুনানিতে সুপ্রিম কোর্টের প্রশ্নের মুখে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। কেন এখনও 'রাঘব বোয়াল'দের ছুঁয়ে দেখা হল না, এদিন কার্যত সে প্রশ্নের মুখেই পড়ে সিবিআই। দেশের শীর্ষ আদালত কেন্দ্রীয় তদন্তকারী এই সংস্থাকে এদিন এ প্রশ্নও করে, যাঁদের জন্য টাকা নিয়েছেন, তাঁদের বিরুদ্ধে কেন কোনও ব্যবস্থা নেওয়া হয়নি তা নিয়েও। সিবিআইয়ের বক্তব্য, কয়েকজন রাজ্য সরকারি কর্মচারীকে চিহ্নিত করা হয়েছে। কিন্তু তাঁদের বিরুদ্ধে তদন্তের অনুমতি রাজ্য সরকারের থেকে এখনও পাওয়া যায়নি।

নিয়োগ দুর্নীতি মামলায় শুক্রবার সুপ্রিম কোর্টে জামিন পান প্রসন্ন রায়। নিয়োগ দুর্নীতিতে তিনি তদন্তকারীদের খাতায় 'মিডলম্যান' হিসাবেই পরিচিত। গত বছর তাঁকে গ্রেফতার করে সিবিআই। এই প্রসন্নের কর্মজীবন শুরু হয়েছিল একজন রঙের মিস্ত্রি হিসাবে। তাঁকে সিবিআই যখন শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেপ্তার করে, তখন তিনি কয়েক কোটি টাকার মালিক বলে দাবি করেছিল তদন্তকারী সংস্থা। এমনও শোনা গিয়েছিল, তিনি পশ্চিমবঙ্গের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ।

এজি পদ ছাড়লেন সৌমেন্দ্রনাথ

নিজস্ব প্রতিবেদন: রাজ্যের অ্যাডভোকেট জেনারেল বা এজির পদ ছাড়লেন সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায়। শুক্রবার মেল মারফত নিজের ইস্তফা ঘোষণা করলেন তিনি। রাজ্যপালকে ইতিমধ্যে মেল করেছেন সৌমেন্দ্রনাথ। বস্তুত, নতুন অ্যাডভোকেট জেনারেল (এজি) নিয়োগ করতে পারে রাজ্য, এ নিয়ে জল্পনা চলছিলই। এজি পদে আইনজীবী কিশোর দত্তকে নিয়োগ করা হতে পারে, এমন জল্পনাও চলছিল। তার মধ্যে বিদেশ থেকে আচমকা পদত্যাগের কথা জানালেন আইনজীবী সৌমেন্দ্রনাথ। হাইকোর্টের একটি সূত্রে খবর, রাজ্যপাল সিভি আনন্দ বোস। পরে রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী এবং আইনমন্ত্রী মলয় ঘটককে পদত্যাগপত্র পাঠাবেন তিনি।

বিস্তারিত শহরের পাতায়

জোড়-বিজোড় চালু হচ্ছে না দিল্লিতে

নয়াদিল্লি, ১০ নভেম্বর: এখনই চালু করা হচ্ছে না গাড়ির জোড়-বিজোড় নীতি। জানিয়ে দিল দিল্লি সরকার। দূষণ পরিস্থিতির কথা ভেবেই জোড়-বিজোড় নীতি চালু করার সিদ্ধান্ত নিয়েছিল অরবিন্দ কেজরিওয়ালের সরকার। আগামী ১৩ নভেম্বর থেকে এই নিয়ম চালু করার কথা ছিল। কিন্তু দিল্লি সরকার জানিয়েছে, রাজধানীতে বাতাসের গুণগত মানের উন্নতি হয়েছে। তাই এখনই এই পথে হাঁটছে না তারা। দীপাবলির পর অবস্থা বুঝে সিদ্ধান্ত নেওয়া হবে।

বিস্তারিত দেশের পাতায়

স্পিকারের কটাক্ষ

নিজস্ব প্রতিবেদন: তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে লোকসভার এথিক্স কমিটির গৃহীত পদক্ষেপ এক্তিয়ার বহির্ভূত বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মনে করেন। বিধানসভা ভবনে শুক্রবার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ওই সংসদের বিরুদ্ধে লোকসভার এথিক্স কমিটি যে পদ্ধতিতে তদন্ত ও শাস্তির সুপারিশ করেছে তাতে প্রাকৃতিক ন্যায় বিচারের নীতি ব্যাহত হয়েছে। অভিযোগের কোনও যথাযথ তদন্ত হয়নি। অভিযুক্তকে যথাযথভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগও দেওয়া হয়নি। যেভাবে শুধুমাত্র শাস্তির প্রস্তাব না দিয়ে সরাসরি বহিষ্কারের সুপারিশ করা হয়েছে তাও কমিটির এখতিয়ার বহির্ভূত বলে বিমান বাবুর দাবি।

মা আসছেন ঘরে...

রাত পোহালেই কালীপুজো। তার আগে কুমোরটুলি থেকে বাড়ির পথে। ছবি: অদিতি সাহা

ভালো নেই: জ্যোতিপ্রিয়

নিজস্ব প্রতিবেদন: তিনি যে নির্দোষ, তাঁর মুক্তি যে শুধুই সময়ে অপেক্ষা, একথা সংবাদমাধ্যমের সামনে বারবার বলেছেন বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। স্বাস্থ্য পরীক্ষার জন্য যখনই তাঁকে সিজিও কমপ্লেক্স থেকে বের করা হয়, তখনই নিজেকে নিরপরাধ প্রমাণ করার জন্য গলা ফাটান তিনি। তবে শুক্রবার আর সে সব বিষয়ে কথা বলতে শোনা গেল না রেশন দুর্নীতিতে অভিযুক্ত প্রাক্তন খাদ্যমন্ত্রীকে। শুধু নিজের স্বাস্থ্যের অবস্থার কথা জানালেন সংবাদমাধ্যমকে। জানালেন, শরীর ভালো নেই। প্রায় প্যারালিসিস হওয়ার পথে তাঁর বাঁ হাত ও বাঁ পা। অন্য কোনও প্রশ্নের উত্তর না দিয়েই এদিন গাড়িতে উঠে পড়েন তিনি।

কাশ্মীরের বহু জায়গায় তুষারপাতে বন্ধ রাস্তা

শ্রীনগর, ১০ নভেম্বর: আবহাওয়া দপ্তর আগেই জানিয়েছিল কাশ্মীরের উঁচু এলাকাগুলিতে। সেই পূর্বাভাস অনুযায়ী বৃহস্পতিবার রাত থেকেই কাশ্মীরের একাধিক জায়গায় তুষারপাত শুরু হয়েছে। কোথাও ভারী, কোথাও আবার হালকা তুষারপাত হচ্ছে। রাতভর তুষারপাতের জেরে বন্ধ হয়ে গিয়েছে বেশ কয়েকটি রাস্তাও। স্থানীয় প্রশাসন সূত্রে খবর, রাজ দান পাস, পীর কি গলি, জোজিলা পাস, সিস্থান টপ, সোনমার্গ এবং গুলমার্গে তুষারপাত হচ্ছে। তবে এই মরশুমের প্রথম তুষারপাত হল গুলমার্গে। কাশ্মীরের উঁচু এলাকায় ভারী তুষারপাত হলেও, সমতলে বৃষ্টি হচ্ছে। আর এই বৃষ্টির জেরে তাপমাত্রা হু হু করে নামতে শুরু করে। ফলে বৃহস্পতি রাত থেকেই তুষারপাত শুরু হয়। তুষারপাতের বেশ কয়েকটি ভিডিও প্রকাশ্যে এসেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টা আবহাওয়া একই রকম থাকবে কাশ্মীরে। ভারী তুষারপাতের জেরে গুরুত্বপূর্ণ মুঘল রোড বন্ধ হয়ে গিয়েছে। কাশ্মীরের সঙ্গে জম্মুর রাজৌরি এবং পুঞ্চের সংযোগস্থানপনকারী রাস্তা এটি। এ ছাড়াও রাজদান, জোজিলা, কিস্তওয়াড়-অনন্তনাগ রাস্তাও তুষারপাতের কারণে বন্ধ হয়ে গিয়েছে। অন্যদিকে, বৃষ্টি হচ্ছে শ্রীনগর, কাজিগুন্দ, পহেলগাঁও, কুপওয়ারা, কোকেরনাগে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, একটি পশ্চিমি ঝঞ্ঝা অবস্থান করছে কাশ্মীরের উপর। তার জেরেই সমতলে বৃষ্টি হচ্ছে এবং কাশ্মীরের উঁচু এলাকায় তুষারপাত হচ্ছে।

বরফে ঢাকল গুলমার্গ



এনআই অ্যাক্ট মেনে আগামী বছরের ছুটির তালিকা প্রকাশ করল নবান্ন

নিজস্ব প্রতিবেদন: কেন্দ্রীয় সরকারের নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্ট (এনআই) অ্যাক্ট অনুযায়ী, নতুন বছরে ক'দিন ছুটি, তার তালিকা প্রকাশ করল নবান্ন। অর্থ (অডিট) দপ্তরের প্রকাশিত নির্দেশিকায় দেখা গেল, আগামী বছর দুর্গাপুজোর ছুটি একটু হতাশ করতে পারে কর্মীদের। পুজোর ছুটি তিন দিন। একই দিনে পড়েছে অষ্টমী এবং নবমী। মহালয়ার ছুটিও পড়েছে গান্ধিজয়ন্তীর দিনেই। অর্থাৎ, ২ অক্টোবর। আর পাঁচটি ছুটি পড়েছে রবিবার। তবে রাজ্য সরকারের কর্মীরা বেশ কিছু বাড়তি ছুটি পাবেন। সরস্বতী পুজোর আগের দিন, দোলযাত্রার পরের দিন ছুটি পাবেন তাঁরা।

এনআই অ্যাক্টের ২৫ নম্বর ধারা মেনে ছুটি হবে রাজ্য সরকারের অধীনে থাকা সব দপ্তরেই। একমাত্র কলকাতায় কালেক্টরের দপ্তর এবং রেজিস্ট্রারের দপ্তরে এই তালিকা মেনে ছুটি হবে না। তালিকা মেনে জানুয়ারি মাসের ১২ তারিখ বিবেকানন্দের জন্মদিন, ২৩ তারিখ নেতাজি জন্মজয়ন্তী, ২৬ তারিখ প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ছুটি থাকবে সরকারি দপ্তর। পরের বছর সরস্বতী পুজো পড়েছে ১৪ ফেব্রুয়ারি। এর পর ২৫ মার্চ দোলযাত্রা উপলক্ষে ছুটি। ২৯ মার্চ গুড ফ্রাইডে। এপ্রিলে এক দিনই ছুটি। ইদ-উল-ফিতর উপলক্ষে ১১ এপ্রিল ছুটি।

মে মাসে তিন দিন ছুটি থাকবে রাজ্য সরকারি দপ্তরে। ১, ৮ এবং ২৩ তারিখ রয়েছে যথাক্রমে মে দিবস, রবীন্দ্রজয়ন্তী, বুদ্ধপূর্ণিমা। জুন, জুলাই, অগস্টে এক দিন করে ছুটি। ১৭ জুন বকরি ইদ। ১৭ জুলাই মহরমের ছুটি। ১৫ অগস্ট স্বাধীনতা দিবস। ২ অক্টোবর গান্ধিজয়ন্তী উপলক্ষে ছুটি থাকবে। ওই দিনই পড়েছে মহালয়া। দুর্গাপুজোর ছুটি থাকবে ১০ অক্টোবর, বৃহস্পতিবার থেকে ১২ অক্টোবর শনিবার। ১১ অক্টোবর অষ্টমী এবং নবমী পড়েছে। ১৬ অক্টোবর লদীপুজোর ছুটি। ৩১ কালীপুজোর ছুটি। ১৫ নভেম্বর গুরু নানকের জন্মদিবস উপলক্ষে ছুটি। ওই দিনই রয়েছে বিরসা মুণ্ডার জন্মদিন। ২৫ ডিসেম্বর বড়দিনের ছুটি। এ ছাড়াও রাজ্য সরকারের নির্দেশে ২০২৪ সালে কিছু বাড়তি ছুটি পাবেন সরকারি কর্মীরা। ১ জানুয়ারি নতুন বছরের ছুটি। সরস্বতী পুজোর আগের দিন ১৩ ফেব্রুয়ারি থাকবে ছুটি। ১৪ ফেব্রুয়ারি, সরস্বতী পুজোর দিনই পড়েছে পঞ্চানন বর্মার জন্মদিনের ছুটি। ২৬ ফেব্রুয়ারি সব-এ-বরাতের ছুটি। ৮ মার্চ শিবরাত্রির ছুটি। দোলের পরের দিন ২৬ মার্চ ছুটি পাবেন রাজ্য সরকারের কর্মীরা। ৬ এপ্রিল হরিচাঁদ ঠাকুরের জন্মদিন উপলক্ষে ছুটি। তবে সে দিন শনিবার। ১০ এপ্রিল ইদ-উল-ফিতরের আগের দিনও থাকবে ছুটি। কবি ভানু ভক্তের জন্মদিন উপলক্ষে ১৩ জুলাই দার্জিলিং, কালিম্পং জেলায় ছুটি থাকবে। রথযাত্রা, ১৯ অগস্ট রাখি, ২৬ অগস্ট জন্মাষ্টমী, ১৬ সেপ্টেম্বর ফতেয়া দোয়াজে থাকছে ছুটি। সরকারি কর্মীরা দুর্গাপুজো উপলক্ষে চতুর্থী থেকে ষষ্ঠী (৭-৯ অক্টোবর) এবং দশমীর পর ১৪ এবং ১৫ অক্টোবর অতিরিক্ত ছুটি পাবেন। লদীপুজোর পরেও দু'দিন, ১৭ এবং ১৮ অক্টোবর ছুটি পাবেন তাঁরা। পরের বছর কালীপুজোর পরের দিন, ১ নভেম্বর থাকবে ছুটি। ভ্রাতৃদ্বিতীয়া পড়েছে রবিবার, ৩ নভেম্বর। তার পরের দিন ৪ নভেম্বর ছুটি থাকবে রাজ্য সরকারের কর্মীদের। ৭ নভেম্বর ছট পুজো এবং তার পরের দিন ৮ নভেম্বরও ছুটি থাকবে। করম পুজো উপলক্ষে ছুটি থাকবে দপ্তর। দিনটি পরে জানানো হবে।

এ ছাড়াও ২৪ ফেব্রুয়ারি গুরু রবিদাসের জন্মদিন উপলক্ষে ছুটি পাবেন তাঁর ভক্তেরা। ৩০ মার্চ ইস্টার স্যাটার্ডে উপলক্ষে ছুটি পাবেন খ্রিস্টানেরা। ১৪ এপ্রিল নববর্ষ, বিআর অম্বেডকর জয়ন্তী, ২১ এপ্রিল মহাবীর জয়ন্তী, ৭ জুলাই রথযাত্রা, ৩ নভেম্বর ভ্রাতৃদ্বিতীয়া পড়েছে রবিবার।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ১৭/১০/২৩ S.D.E.M., সদর, হুগলী, কোর্টে ৯০ নং এফিডেভিট বলে আমি Akbar Ali (old name) S/o. Sk. Abdul Rahaman at Gazipur, Malia, Haripal, Hooghly-712405, W.B., নাম পরিবর্তন করিয়া সর্বত্র Sk Ekbar Ali (new name) নামে পরিচিত হইয়াছি। Akbar Ali & Sk Ekbar Ali S/o. Sk. Abdul Rahaman উভয়েই সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার কন্যা Mansura Khatun.

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

নাম-পদবী

গত ১০/১১/২৩ নোটারী পাবলিক, সদর, হুগলী, কোর্টে ২০২ নং এফিডেভিট বলে আমি Sheikh Gulam Mustafa (old name) S/o. Md. Samsuddin at Ilchhoba, Mondalai, Pandua, Hooghly-712146, W.B., নাম পরিবর্তন করিয়া সর্বত্র Sk Golam Mostafa (new name) নামে পরিচিত হইয়াছি। Sheikh Gulam Mustafa & Sk Golam Mostafa S/o. Md. Samsuddin উভয়েই সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার পুত্র Sheikh Josimuddin.

নাম-পদবী

গত ১০/১১/২৩ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৩৭ নং এফিডেভিট বলে আমি Probir Kumar Mondal ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Hem Chandra Mondal ও Lt. H. C. Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ১০/১১/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৬৯১০ নং এফিডেভিট বলে আমি Sujit Ghosh ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Dilip Ghosh ও Dilip Kr. Ghosh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ১০/১১/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৬৯০৮ নং এফিডেভিট বলে Debasish Paul S/o. Paresh Chandra Paul ও Dr. Debasish Paul S/o. Dr. Paresh Chandra Paul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৮/১১/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৬৭৪৫ নং এফিডেভিট বলে Suvrajit Banerjee S/o. Surendra Nath Banerjee ও Shuvrajit Banerjee S/o. S. N. Banerjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি ।

NAME CHANGE

I, **Prabhat Bose,** S/o. Late Nirmal Bose, resident of 1 No. Mohishilla Colony, Battala Bazar, Asansol near Aurobinda Sangha, Ushagram, P.O. Asansol, P.S. Asansol (S), Dist. Paschim Bardhaman, Pin-713303 (W.B), do hereby declare that somewhere my name has been recorded as **Prabhat Kumar Basu** and also recorded **Prabhat Basu** and in other relevant documents i.e. Aadhaar Card, Voter Card & Pan Card my name has been recorded as **Prabhat Bose** i.e. my correct name. **Prabhat Bose, Prabhat Kumar Basu and Prabhat Basu** are the same name and one identical person i.e. myself vide an affidavit made before the Executive Magistrate on 07/11/2023 at Asansol Court.

Change of Name

I, **T. Rajeshbari**, W/o T. Eshwar Rao, residing at Ward No. - 13, Rly Area, Post : Nimpura, PS : Kharagpur, Dist. : Paschim Medinipur have changed my name from **M. RAJESWARAMMA** to **T. RAJESHBARI** for all purpose vide an affidavit no.- 20721 dated 06/12/2022 in the Court of the Ld. Judicial Magistrate (1st Class), Paschim Medinipur. That **M. RAJESWARAMMA** D/o Late M. Lakshmayya and **T. RAJESHBARI** W/o T. Eshwar Rao is one and same identical person i.e. myself & henceforth my actual / correct name with surname is **T. RAJESHBARI** for all purpose.

বিজ্ঞপ্তি

জেলা নদীয়া মোকাম নবদ্বীপের অতিরিক্ত জেলা জজ আদালত।

ম্যাট সুট নং - ৬৫ / ২০২১

দরখাস্তকারী - পায়েল দে (বিশ্বাস), স্বামী- অমিত কুমার দে, বর্তমান সাং- প্রযত্নে- পিতা নীলমনি বিশ্বাস, রামসীতা পাড়া, শ্রীনাথ ব্যানার্জ্জী লেন, স্মৃতিকণ্ঠ বাচস্পতি রোড, ওয়ার্ড নং-১৪, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২।

- বনাম -

রেসপনডেন্ট - অমিত কুমার দে, পিতা- বাবুল চন্দ্র দে, সাং- এইচ.বি.টাউন ১/এ, পি-৩৪, পোঃ সোদপুর, থানা- খরদহ, জেলা- উত্তর ২৪ পরগনা। বর্তমান সাং- প্রযত্নে- প্রসেনজিৎ সাহা, পূর্বায়ন জগজ্যোতি ক্লাব, পোঃ সোদপুর, থানা- খরদহ, জেলা- উত্তর ২৪ পরগণা।

প্রতি ঃ- রেসপনডেন্ট - অমিত কুমার দে

এতদ্বারা জানানো যাইতেছে যে, উপরোক্ত দরখাস্তকারী আপনার বিরুদ্ধে মহামান্য হুজুরাদালতে বিবাহ বিচ্ছেদের নিমিত্তে উপরোক্ত ম্যাট সুট নং - ৬৫ / ২০২১ দাখিল করিয়াছেন। এক্ষনে আপনার কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে উপরোক্ত আদালতে আপনি স্বয়ং অথবা আপনার নিযুক্ত উকিল দ্বারা হাজির হইয়া আপত্তি জানাইবেন, নতুবা আইন মোতাবেক কার্য্য হইবে

আদেশানুসারে-
Pratim Chowdhury
সেরেস্তাদার,
নবদ্বীপ অতিরিক্ত জেলা জজ আদালত

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল-adconnexon@gmail.com

হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার, সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি, প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া

টাইপ কর্ণার, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

রাজ টেলিকম, অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।

সুজয়া উদ্যোগ সমূহ, শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, মোঃ ৯৩৩৩২২০৬৫৯।

অবসর, ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ ৭৪০৭৪৮০১০৮।

সবিতা কমিউনিকেশন, প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, মো-৮১০১৩ ৭৩৫৮১

পূর্ব মেদিনীপুর

আইনক্স অ্যাড এজেন্সি
সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২

শ্যাম কমিউনিকেশন, দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬

মানসী অ্যাড এজেন্সি, শশধর মান্না, মেচেদা ও তমলুক, ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭

পশ্চিম মেদিনীপুর

মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি দুর্গেশ চন্দ্র শুক্লা,
ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১
মোঃ ৮৯১৮০৬৩৪৪৬

মুর্শিদাবাদ

পি' অ্যাডস্ সলিউশন, অমিত কুমার দাস, ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩। মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/ ৮৪৩৬৯৯৩০১৯।

বীরভূম

সংবাদ সারাদিন, মৃণালজিৎ গোস্বামী, সিউড়ি, নিউ জঙ্গলপাড়া, বীরভূম-৭৩১১০১। মোঃ ৯৬৭৪১৭০২২৪, ৯৭৭৫২৭৬০২১।

মিডিয়া হাউস, প্রঃ- পরিতোষ দাস, কীর্ণাহার স্টেশন রোড, থানা- নানুর, বীরভূম। মোঃ ৯৪৩৪৩৪৮৮১৯, ৯১৫৩০৬০২০৯।

লক্ষ্মী অনুষ্ঠান ভবন, প্রযত্নে দীপক কুমার মণ্ডল, নতুন বাসস্ট্যান্ড, রামপুরহাট, বীরভূম। মোঃ ৯৯৩৩০০২৭৩১/ ৯৩৩৩৩১২৬৭১।

পুরুলিয়া

অরিজিৎ সেন, চকবাজার, কাপড়গলি, বনমালি সেন লেন, পুরুলিয়া-৭২৩১০১, মোঃ ৯৮৫১১৯৮১৬০।

হাওড়া

ঋদ্ধি সিদ্ধি, বিজয় কুমার শ, রঞ্জিত জেরক্স, ৭, ঋষি বঙ্কিম চন্দ্র রোড, বিল্ডিং, হাওয়া কোর্ট, স্টল নং ০৭, হাওখা-৭১১১০১, ফোন- ৯৩৩০৬৬৯৫১৮

বালি ফটোকপি সার্ভিস,
সন্দীপ দে,
২৫, ধর্মতলা রোড (বেলুড় স্টেশন রোড), ধর্মরাজ জিউ মন্দিরের কাছে, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২, মোঃ ৯৪৩২২৩২৫২৩।

বর্ধমান

স্টুডিও তানিয়া, গোপীকান্ত চক্রবর্তী, স্টল নং - সিএ-২০, ডেভিড হেয়ার রোড, বি জোন, দুর্গাপুর-৭১৩২০৫। মোঃ ৯৭৪৯১৯১২৭৬, ৯৩৩৩৯১০৬৯৪, ৯৪৩৪২২৫৭৬৭।

রামকৃষ্ণ চ্যাটার্জী, আসানসোল, এন.পি.আর. সরণি, এইচ বি রোড, আসানসোল-৭১৩৩০১, মোঃ ৮০০১৫৮২৭৫০।

দূরভাষিনী
গান্ধী মার্কেট, কাটোয়া, বর্ধমান-৭১৩১৩০
ফোন: ৯৩৩২০০১৮৯৯, ৯৭৩২১৫৬৭১৪

আজকের দিনটি কেমন যাবে ?

আজ ১১ ই নভেম্বর, শনিবার, ২৪ শে কার্তিক । ত্রয়োদশী যুক্ত চতুর্দশী তিথী। জন্মে কন্যা রাশি। অষ্টোত্তরী বুধে র মহাদশা। বিংশোত্তরী মঙ্গল র মহাদশা কাল । মৃতে একপাদ দোষ।

মেষ রাশি : গ্রহ অবস্থান যা তাতে আজকের দিনটি খুব সাধারণ ভাবে কাটবে। যারা ইলেকট্রিক্যাল ব্যবসা করেন যারা মেকানিক্যাল ব্যবসা করেন, বাণিজ্যের সুযোগ আসবে-- তবে আজকে নয়। প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে চলুন রাজনৈতিক ক্ষেত্রে বিশেষ দলের হয়ে মত প্রকাশ, না করা শুভ। সকালে পরিবারে শান্তির বাতাবরণ থাকলেও, গুপ্ত শত্রু ষড়যন্ত্র থাকবে ওম নমঃ শিবায় বলুন শুভ হবে নিশ্চিত।

বৃষ রাশি : বিদ্যাযোগে অতীব শুভ। বিবাহের বিষয়ে যাদের কথা পাকা হওয়ার ছিল, তাদের সু-সম্পর্ক বজায় থাকবে। প্রেমিক যুগল শুভদিন। বাণিজ্য অর্থ প্রাপ্তির প্রবল সম্ভাবনা বিশেষত যারা জমি বাড়ি বাস্তু বিষয়ে কাজ করেন, ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির সম্ভাবনা প্রবল। অর্থপ্রাপ্তি নিশ্চিত। দূর্গা মায়ের নামকরণ শুভ হবে

মিথুন রাশি : বেতনভুক কর্মচারীদের- উর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া কাজ, শেষ করার জন্য সম্মান বৃদ্ধি যোগ। যারা এন জি ও তে কাজ করেন তাদের সম্মান বৃদ্ধি যোগ। অর্থবৃদ্ধির সম্ভাবনা ব্যবসায়ীদের ক্ষেত্রে, বিশেষত বিজ্ঞাপন দপ্তরে কাজ করেন তাদের অর্থ বৃদ্ধি। পরিবারের শান্তির বাতাবরণ গুপ্ত শত্রুর ষড়যন্ত্র থাকলেও বিশেষ কোনো অশুভ যোগ নেই। দেবী মহাকালী র নাম করুন নিশ্চিত শুভ হবে।

কর্কট রাশি : গ্রহ অবস্থান রাশিচক্র অনুসারে আজ খুবই সতর্ক থাকার দিন। বাড়িতে গৃহ-বিবাদ। কর্মে অশান্তি দায়ক পরিবেশ। উর্ধ্বতন কর্তৃপক্ষের কুনজর থাকবে। যারা পুলিশ- প্রশাসন-সেনা, সরকারি আধিকারিক তাদের সতর্ক হয়ে আজকের দিনটি বাক্য ব্যয় করা উচিত। সন্তানের বিদ্যালয়ে একটি সমস্যা দেখা দেবে, ঠান্ডা মাথায় ধৈর্য ধরে তা সমাধান করা উচিত, পরিচিত কোন মানুষের দ্বারা মনে কষ্টপ্রাপ্তির সম্ভাবনা। দুর্গা মায়ের নামকরণ শুভ হবে।

সিংহ রাশি : পারিবারিক যে সমস্যা দানা বেঁধেছিল তা সমাধান হয়ে পড়বে। পরিবারের প্রবীণ নাগরিকের বুদ্ধির দ্বারা অর্থ প্রাপ্তি সম্ভব। ব্যবসায় অর্থপ্রাপ্তি- বিশেষত যারা হোটেল- রেস্তোরা ব্যবসা করেন। জমি বাস্তু বিষয় অতীব শুভ। সমাজে সম্মান প্রাপ্তি এক প্রভাবশালী মানুষের দ্বারা কর্মে সফলতা প্রাপ্তি। বাড়ির গৃহ মন্দিরে ভগবান গণেশের উদ্দেশ্যে দূর্বা প্রদান করলে শুভ হবে।

কন্যা রাশি : কর্মের সুযোগ বৃদ্ধি। কর্ম প্রার্থী যারা, তাদের কাছে নতুন সুযোগের সম্ভাবনাময় কাল। পরিবারের শান্তির বাতাবরণ। ব্যবসা বৃদ্ধির সম্ভাবনা। নতুন চুক্তির সম্ভাবনা। প্রতিবেশী দ্বারা সম্মান প্রাপ্তি। যাকে কথা দিয়েছিলেন সে কথা রাখার জন্য, আজ বড় আর্থিক লাভ সম্ভাবনা। পরিবারে নারীর বুদ্ধির দ্বারা জয় লাভ। ভক্ত হনুমানজির চরণে আরতী করুন শুভ হবে

তুলা রাশি : গ্রহ যোগ আজকে যা আছে তাতে নতুন বড় কোন ব্যবসায়িক চুক্তির সম্ভাবনা। বেতনভোগ কর্ম যারা করেন, তাদের সম্মান প্রাপ্তির দিন। বিশেষত বিজ্ঞাপন দপ্তরে যারা কাজ করেন, যাদের খাদ্যদ্রব্যের ব্যবসা, যাদের তরল পদার্থ এবং বাস্তু জমি বিষয় ব্যবসা তাদের লাভ প্রাপ্তির সম্ভাবনা, বিদ্যা যোগ। শুভ উচ্চ বিদ্যা যোগ। সুখ বৃদ্ধি কর্মের আবেদন যারা করছেন তাদের কাছে, নতুন পথের সম্ভাবনা। ধৈর্য ধরে নারীর বুদ্ধিতে এগিয়ে চলুন নিশ্চয়ই শুভ হবে। বাড়ির গৃহ মন্দিরে মহাকালীর উদ্দেশ্যে পুজো পাঠ করুন শুভ হবে।

বৃশ্চিক রাশি : আজ সতর্ক থাকার দিন। গুপ্ত শত্রুর ষড়যন্ত্র প্রবল আকার নেবে, বুদ্ধির দ্বারা প্রবীণ মানুষের সহযোগিতার দ্বারা ছলে বলে কৌশলে, শত্রুকে পরাজিত করতে পারবেন। বাণিজ্যে নতুন ভাবে লগ্নী করা উচিত নয়, সন্তানের কারণে পরিবারে অশান্তির যোগ। এক গৃহ শিক্ষকের কারণে ভুল বোঝাবুঝি। বেতন ভোগ কর্মচারীদের কোন পরিস্থিতিতেই তর্ক ও বিতর্কে না জড়িয়ে এই বিষয়কে এড়িয়ে যাওয়া মঙ্গলজনক। পরিবারে তর্কবিতর্কের সম্ভাবনা। বাড়ির গৃহ মন্দিরে দেবী দুর্গা মায়ের উদ্দেশ্যে ভজন কীর্তন আরতী করুন নিশ্চয়ই শুভ হোক তৈরি হবে

ধনু রাশি : পরিবারের শান্তির বাতাবরণ। ব্যবসা-বাণিজ্য অর্থ লাভ। বেতনভোগ কর্মচারীদের সম্মান প্রাপ্তি এবং অর্থ লাভ বিশেষত যারা বৈধভাবে পশু পাখির ব্যবসা করেন। যারা কাচের দ্রব্যের ব্যবসা করেন। যারা তরল পদার্থ, জল দ্রব্যের ব্যবসা করেন তাদের অর্থ প্রাপ্তি নিশ্চিত। প্রবীন মানুষ যিনি চিকিৎসার জন্য কোথাও ছিলেন তিনি আজ বাড়ি ফেরার সম্ভাবনা। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জেলে ভগবান বিষ্ণুর উদ্দেশ্যে ভজন কীর্তন আরতি করুন নিশ্চয়ই শুভ হবে।

মকর রাশি : আয় এর থেকে ব্যয় বৃদ্ধি। আজ সামান্য কথাতে তর্কের সম্ভাবনা। আপনার ভেতরের শৈল্পিক মানসিকতা কিছু মানুষের ঈর্ষা র কারণ হয়ে পড়বে। ইনস্টিটিউট বা বিদ্যা বিষয়ক ব্যবসা-বাণিজ্যে যারা আছেন তাদের সফলতা থাকবেই। বাড়ি জমি বাস্তু বিষয় শুভ চিন্তা হবে। নতুন এক সম্পর্কের দ্বারা অর্থপ্রাপ্তি সম্ভব বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বালুন পঞ্চদীপ জেলে আরতি কোন নিশ্চয়ই শুভ হবে।

কুম্ভ রাশি : গত দিনের যে অস্থিরতা ছিল আজ তার শান্তির বাতাবরণে থাকবে। আজ গ্রহ সংস্থান যা আছে সম্মান প্রাপ্তির দিন। অর্থ প্রাপ্তির দিন বুদ্ধির দ্বারা জয়ী হবার দিন। প্রবীণ নাগরিকের সহযোগিতায় আজ প্রতিবেশীর দ্বারা সম্মান প্রাপ্তি নতুন কর্মের সুযোগ। বাণিজ্যের লগ্নী করতে পারেন অসুবিধা নাই। যারা আমন্ত্রণ অনুসন্ধান বিভাগে কাজ করেন তাদের খুবই শুভ যোগ। প্রশাসনিক কর্মে যারা কাজ করেন তাদেরও শুভ যোগ। বিদ্যা যোগের শুভ। গৃহবধূদের জন্য শুভ। বাড়ীর গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জেলে, আতপ চাল সহ দেবদেবীদের উদ্দেশ্যে নিবেদন করুন নিশ্চয়ই শুভ হবে।

মীন রাশি : মানসিকভাবে কোন সংবাদে দুঃখ পেতে পারেন। যে কাজটা আটকে গেল, যে কাজের জন্য আপনি কিছু সময় পরিশ্রম করেছেন, সেই বিষয়ে হয়তো ভবিষ্যতে কোন সুযোগ আসবে। আজকে গ্রহ সংস্থান বলছে খুব সতর্ক হয়ে চলা ভালো। যাকে বিশ্বাস করেছেন তিনি অবিশ্বাসের কাজ করতে পারেন। বিবাহে ডিভোর্সের যে মামলা চলছে, সেই বিষয়ে আজ কোন মতামত না দেওয়া শুভ বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বালুন পঞ্চ প্রদীপ দিয়ে আরতি করুন নিশ্চয়ই সুবস্ত তৈরি হবে।

(আজ ভুতচতুর্দশী কৃত্যম দ্বীপ দান।)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

মধ্যপ্রদেশেও ‘বিহার মডেলে’র বার্তা দিলেন রাহুলের

নয়াদিল্লি, ১০ নভেম্বর: বিহারের জাতভিত্তিক সমীক্ষা এবং তার রিপোর্টের নিরিখে সরকারি চাকরি এবং শিক্ষা ক্ষেত্রে অন্য অনগ্রসর সম্প্রদায় (ওবিসি) এবং তপসিলিদের কোটা বৃদ্ধির সিদ্ধান্তকে ‘বৈপ্লবিক সিদ্ধান্ত’ বললেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। শুক্রবার মধ্যপ্রদেশের সাতনায় কংগ্রেসের প্রচারসভায় তিনি বলেন, ‘বিহারের মহাগঠনবন্ধন সরকারের এই পদক্ষেপ জীবনধারায় পরিবর্তন আনবে। মধ্যপ্রদেশে ক্ষমতায় এলে কংগ্রেসও জাতগণনার নীতি অনুসরণ করবে।’

রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশ আগেই জানিয়েছিলেন, পাঁচ রাজ্যের বিধানসভা ভোট এবং আগামী বছরের লোকসভা নির্বাচনে ওবিসি ভোটব্যাংকে ‘পাখির চোখ’ করতে চাইছে কংগ্রেস। বিহারে জেডিইউ-আরজেডি-কংগ্রেস-বামেদের মহাগঠবন্ধন সরকার গত ২ অক্টোবর জাতসমীক্ষা সংক্রান্ত প্রথম দফার রিপোর্ট প্রকাশ করার পরেই রাহুল ‘জিতনি আবাদি, উতনা হক’ (যে জনগোষ্ঠীর যত সংখ্যা, সংরক্ষণে তার তত অধিকার) স্লোগান দিয়েছিলেন।

মঙ্গলবার বিহার বিধানসভায় জাতসমীক্ষার দ্বিতীয় রিপোর্ট পেশ করা হয়। এর পর বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের সরকার বিহার বিধানসভায় বিল পাশ করিয়ে সে রাজ্যে অনগ্রসর (ওবিসি) এবং অতি অনগ্রসরদের (ইবিসি) জন্য সংরক্ষণ ২৭ শতাংশ থেকে বাড়িয়ে ৪৩ শতাংশ করার জন্য পদক্ষেপ করেছে। পাশাপাশি, তপসিলি জাতির (এসসি) সংরক্ষণ ১৫ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করার প্রস্তাব রয়েছে ওই বিলে। তবে কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানে তপসিলি জনজাতিভুক্তদের জন্য সাত শতাংশ সংরক্ষণ থাকলেও এক শতাংশ থেকে বাড়িয়ে দুই শতাংশেই সীমাবদ্ধ রেখেছে বিহার সরকার।

জাত সমীক্ষার বিরোধীদের অভিযোগ, বিহার সরকারের এই পদক্ষেপ ‘বৈষম্যমূলক এবং অসাংবিধানিক’। এই পদক্ষেপ সংবিধানের মৌলিক অধিকার এবং ১৪ নম্বর অনুচ্ছেদের (সমতা ও সাম্যের অধিকার) পরিপন্থী। কিন্তু বিহার সরকারের পদক্ষেপের বিরুদ্ধে পাটনা হাইকোর্টে আবেদন জানানো হলেও স্থগিতাদেশ মেলেনি। মামলাটি এখন সুপ্রিম কোর্টে বিচারাধীন। এই পরিস্থিতিতে ছত্তিশগড়, রাজস্থান এবং মধ্যপ্রদেশে বিধানসভা ভোটের প্রচারে ধারাবাহিক ভাবে জাতগণনার প্রতিশ্রুতি দিচ্ছে কংগ্রেস।

রাতারাতি কোটিপতি পাকিস্তানি মৎস্যজীবী

করাচি, ১০ নভেম্বর: অর্থনৈতিক সঙ্কটে ধুঁকছে পাকিস্তান। সে দেশে গত কয়েক মাসে দ্রব্য মূল্যবৃদ্ধি যে পর্যায়ে পৌঁছেছে, তাতে নাভিশ্বাস উঠছে সাধারণ মানুষের। এই পরিস্থিতিতেই প্রায় রাতারাতি কোটিপতি হয়ে গেলেন এক মৎস্যজীবী। সৌজন্যে বিরল প্রজাতির মাছ। ওই মৎস্যজীবী সম্প্রতি সমুদ্রে মাছ ধরতে গিয়েছিলেন। সেখানে তাঁর জালে যে সমস্ত সামুদ্রিক মাছ উঠেছে, সেই সব মাছের প্রচুর ঔষধি গুণ রয়েছে। সে জন্য বিপুল অঙ্কের টাকায় বিক্রি হয়েছে সেই মাছ। এর জেরেই রাতারাতি কোটিপতি হয়েছেন ওই মৎস্যজীবী।

পাক সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, ওই মৎস্যজীবীর নাম হাজি বালোচ। তিনি ইব্রাহিম হায়দারি ফিসিং গ্রামের বাসিন্দা। তাঁর কর্মীরাও সম্প্রতি মাছ ধরতে গিয়েছিলেন আরব সাগরে। সেখানে তাঁদের জালে জড়ায় গোল্ডেন ফিস। সেখানকার স্থানীয় ভাষায় এই মাছকে বলা হয় সওয়া। এই মাছই বিক্রি হয়েছে প্রায় ৭ কোটি টাকায়। এ বিষয়ে পাকিস্তান ফিসারম্যান ফোক ফোরামের সদস্য মুবারক খান বলেছেন, ‘যে পরিমাণ গোল্ডেন ফিস পাওয়া গিয়েছিল, তা বিক্রি হয়েছে ৭ কোটি টাকায়। করাচি হারবারে ওই মাছের নিলাম হয়েছে।’

ওই গোল্ডেন ফিসের পেটের ভিতরে থাকা অংশ খুবই মূল্যবান। ওই পদার্থের বিবিধ ঔষধি গুণ রয়েছে। ওই পদার্থ বিভিন্ন রকমের ওষুধ তৈরিতে কাজে লাগে। এই মাছের ওজন হয় ২০ থেকে ৪০ কেজি। বড় হলে তা দেড় মিটার পর্যন্ত লম্বা হয়। তবে এই বিপুল অঙ্কের টাকা একা নেবেন না হাজি। তাঁর দলের সাত সদস্যের মধ্যে এই টাকা ভাগ করা হবে বলেও জানিয়েছেন তিনি। জানা গিয়েছে, এই ধরনের মাছ গভীর সমুদ্রে থাকে। তবে ব্রিডিং মরশুমেই তা উপকূলের কাছে আসে।

বিধানসভায় পাশ হওয়া বিলে সই না করায় উদ্বেগ

দুই রাজ্যের রাজ্যপালকে বার্তা সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ১০ নভেম্বর: রাজ্য বিধানসভায় পাশ হওয়া বিলে সই না-করে ঝুলিয়ে রাখার বিতর্কে পঞ্জাব এবং তামিলনাড়ুর রাজ্যপালের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বধীন শীর্ষ আদালতের বেঞ্চ শুক্রবার বলেছে, ‘অনুগ্রহ করে যথাযথ ভাবে নির্বাচিত আইনসভায় পাশ করা বিলের গতিপথকে এড়িয়ে যাবেন না। এটা খুবই গুরুতর উদ্বেগের বিষয়।’

পঞ্জাবে আম আদমি পার্টি (আপ)-র মুখ্যমন্ত্রী ভগবন্ত সিং মান সরকারের সঙ্গে রাজ্যপাল তথা প্রাক্তন বিজেপি নেতা বানোয়ারীলাল পুরোহিতের সংঘাত তীব্র। রাজ্য সরকার সুপ্রিম কোর্টে নালিশ করে, বিধানসভায় পাশ হওয়া বেশ কয়েকটি বিল সিদ্ধান্ত না নিয়ে ঝুলিয়ে রেখেছেন। শুক্রবার পঞ্জাবের রাজ্যপালের উদ্দেশে প্রধান বিচারপতির মন্তব্য, ‘আপনি আগুন নিয়ে খেলছেন। এক জন রাজ্যপাল কী ভাবে এমন করতে পারেন? পঞ্জাবে যা হচ্ছে তাতে আমরা খুশি নই। আমরা কি সংসদীয় গণতন্ত্র বজায় রাখব?’

গত ৭ নভেম্বর মামলাটি ওঠার পরে প্রধান বিচারপতি চন্দ্রচূড় জানিয়েছিলেন, একই অভিযোগে রাজ্যপালের বিরুদ্ধে মামলা করেছে কেরল এবং তামিলনাড়ুর সরকারও। সেখানেও রাজ্য সরকারের সঙ্গে রাজ্যপালের সংঘাত চরমে উঠেছে। সরকারের পাশ করা বিল ঝুলিয়ে রেখেছেন রাজ্যপালেরা। বস্তুত মামলার প্রথম শুনানির দিনই প্রধান বিচারপতি বলেছিলেন, ‘রাজ্যপালদের সামান্য একটু আত্মানুসন্ধান করা জরুরি। তাঁদের মনে রাখতে হবে, রাজ্যপাল নির্বাচিত জনপ্রতিনিধি নন। বিধানসভা কোনও সিদ্ধান্ত নিলে তাকে গুরুত্ব দেওয়াটা জরুরি।’

রাজ্যপালদের পক্ষে সওয়াল করতে গিয়ে সলিসিটর জেনারেল তুষার মেহতা জানিয়েছিলেন, মানের সরকার মোট ২৭টি বিল বিধানসভায় পাশ করিয়েছে। তার মধ্যে ২২টিতে রাজ্যপাল বানোয়ারীলাল ছাড়পত্র দিলেও পাঁচটির বিষয়ে সিদ্ধান্ত ঝুলিয়ে রেখেছেন। শুক্রবার সওয়াল-পর্বে মান সরকারের আইনজীবী অভিষেক মনু সিংভি বলেন, ‘ওই সাতটি বিল গত জুলাই এবং তার আরও আগে রাজ্যপালের কাছে পাঠানো হয়েছিল। কিন্তু এখনও তিনি কোনও সিদ্ধান্ত নেননি।’

তামিলনাড়ুতেও রাজ্যপাল আরএস রবির সঙ্গে সে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা ডিএমকে নেতা স্ট্যালিনের সংঘাত তীব্র হয়েছে। রাজ্যপাল একাধিক বিলে সই না করায় প্রতিবাদ জানিয়ে গত ১৫ অগস্ট স্বাধীনতা দিবসে চেন্নাইয়ের রাজভবনে আয়োজিত চা চক্রের অনুষ্ঠান বয়কট করেছিলেন স্ট্যালিন এবং তাঁর মন্ত্রীরা।

হাইকোর্টে সাময়িক স্বস্তি বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্যের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: হাইকোর্টে সাময়িক স্বস্তি পেলেন বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীর। শুক্রবার আদালতের অবকাশকালীন বেঞ্চের স্পষ্ট নির্দেশ, আপাতত থানায় হাজিরা দিতে হবে না তাঁকে। এর পাশাপাশি গ্রেপ্তারির মতো কড়া পদক্ষেপও করতে পারবে না পুলিশ। তবে বাড়িতে গিয়ে জিজ্ঞাসাবাদ করা যাবে বলেই জানিয়েছে আদালত।

প্রসঙ্গত, বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীর বিরুদ্ধে ৬ টি এফআইআর করা হয়েছিল। এরপর তাঁকে শান্তিনিকেতন থানায় হাজিরা দেওয়ার নির্দেশও দেওয়া হয়। এফআইআর খারিজের আবেদন নিয়ে শুক্রবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। এরপরই কলকাতা হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চের তরফ থেকে যে নির্দেশিকা জারি হয় তাতে স্বস্তি মেলে বিদ্যুৎ চক্রবর্তীর। সঙ্গে আদালতের তরফ থেকে এও জানানো হয়েছে, আপাতত হাজিরা দিতে হবে না বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্যকে। এদিকে অবসর নেওয়ার পরই পুলিশের এই সক্রিয়তা নিয়ে প্রশ্ন তোলেন বিদ্যুৎবাবু। সঙ্গে আদালতের তরফ থেকে এও জানানো হয়, ১৪ নভেম্বরের পরিবর্তে ২০ এবং ২২ নভেম্বর বিদ্যুৎ চক্রবর্তীকে তাঁর বাড়িতে জিজ্ঞাসাবাদ করতে পারবে পুলিশ। ২০ নভেম্বর ৩ টি মামলা এবং ২২ নভেম্বর ২ টি মামলায় বিদ্যুৎ চক্রবর্তীকে জিজ্ঞাসাবাদ করা যাবে। প্রতিটি মামলায় জিজ্ঞাসাবাদ করা যাবে ১ ঘণ্টা করে। মামলার পরবর্তী শুনানি ২৯ নভেম্বর। এদিকে সূত্রে খবর, শান্তিনিকেতনের পূর্বপল্লির যে সরকারি বাসভবন, সেই পূর্বিতাতে রয়েছেন বিদ্যুৎ।

তারাপীঠে প্রথমবার গিয়েই মা তারার দর্শন পান ঠাকুর সীতারাম দাস ওঙ্কারনাথ দেব

নিজস্ব প্রতিবেদন: পুণ্য তীর্থ তারাপীঠে বহু বড় বড় সাধক সাধনা করে তারা মায়ের দর্শন লাভ করেছিলেন। কবি কাজী নজরুল ইসলাম তারাপীঠ মহাশ্মশানে বসে সাধনা করে কালি কীর্তন রচনা করেছিলেন। উল্লেখযোগ্য গানটি হল, ‘বলরে জবা বল কোন সাধনায় পেলি রে তুই মায়ের চরণ তল।’

একবার ঠাকুর সীতারাম ওঙ্কারনাথ নাম সংকীর্তন করতে করতে চলেছেন তারা-মা দর্শনে, ঠিক সেই সময় এক অদ্ভুত কাণ্ড ঘটে গেল! একটি শ্যামবর্মা ছোট্ট বাচ্চা মেয়ে পরনে লাল শাড়ি, গলায় জবা ফুলের মালা ও মাথা ভর্তি সিঁদুর নিয়ে দৌড়ে এসে ঠাকুর সীতারাম দাসের কোলে উঠে পরে নিজের গলার জবার মালা খুলে ঠাকুরের গলায় পরিয়ে দিলেন ও মাথার সিঁদুর ঠাকুরের কপালে ঘষে দিলেন। ঠাকুরের কপাল সিঁদুঁরময় হয়ে উঠলো। এই ঘটনায় ঠাকুর আত্মহারা হয়ে উঠলেন, মেয়েটি কোল থেকে নেমে সোজা মন্দিরে ঢুকে গেল। এরপর ঠাকুর হরিনাম করতে করতে চললেন দেবী দর্শনে। মন্দিরের পুরোহিতরা সীতারাম দাস ওঙ্কারনাথ দেবকে দেখে মন্দির চত্বর ফাঁকা করে দিলেন। মন্দিরে ঢুকে ঠাকুর মাকে জড়িয়ে ধরে প্রণাম করলেন, যখন তিনি প্রণাম করছিলেন ঠিক সেই সময় ওই বাচ্চা মেয়েটি তারা মায়ের পাশেই দাঁড়িয়েছিল কিন্তু অন্য নামকারীরা এই দৃশ্য দেখতে পেলেন না। এবার নাম করতে করতে ঠাকুর যখন মন্দির থেকে বেরিয়ে এলেন তখন মন্দিরের বাইরে দাঁড়িয়ে ছিলেন প্রধান পুরোহিত শম্ভু কিংকর ভট্টাচার্য। তার হাতটা ধরে ঠাকুর জিজ্ঞাসা করলেন তুই এখানে কি করিস রে? তিনি বললেন, ‘বাবা আমি মায়ের পুজো করি আমিই প্রধান পুরোহিত।’ তখন ঠাকুর বললেন তোর তো গুরু মন্ত্র হয়নি তুই কি করে মায়ের পুজো করছিস, এই নির্দেশ তোকে কে দিয়েছে? তখন শম্ভু বাবু বললেন, ‘বাবা কৃপা করে যদি আপনি আমাকে গুরু মন্ত্র দেন তাহলে আমি ধন্য হব।’ তখন ঠাকুর নিজের দেহটাকে দেখিয়ে বললেন একে কি তোর পছন্দ? শম্ভু বাবু বললেন, হ্যাঁ বাবা। ঠাকুর বললেন, তুই মহাশ্মশানে বামদেব বাবার সমাধির ওপর গিয়ে বস, সীতারাম ওখানে গিয়ে তোকে মন্ত্র দেবে। এরপর ঠাকুর নাম করতে করতে মন্দির থেকে বেরিয়ে এলেন এবং মহাশ্মশানে গিয়ে প্রধান পুরোহিতকে মন্ত্র দিয়ে বললেন এবার তুই যথারীতি মায়ের পূজার্চনা কর আর তোর কোন চিন্তা নেই। এইভাবে তারাপীঠকে নামে মুখরিত করে তিনি বেরিয়ে পড়লেন আরো নাম প্রচারে। (তথ্যসূত্র ঠাকুর সীতারাম দাস ওঙ্কারনাথের সেবক উত্তম দে)।

রাজ্যজুড়ে মিলছে শীতের আমেজ, কমছে তাপমাত্রা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাজ্যজুড়ে ধীরে ধীরে মিলছে শীতের আমেজ। কমছে তাপমাত্রা। এদিকে, পূর্ব-মধ্য আরব সাগরে তৈরি হওয়া ঘূর্ণাবর্ত পরিণত হচ্ছে নিম্নচাপে। যদিও আপাতত দক্ষিণবঙ্গে বা উত্তরবঙ্গে বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই বলে জানাচ্ছে আলিপুর আবহাওয়া দপ্তর।

শুক্রবার সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি কম এবং সর্বনিম্ন তাপমাত্রা ২১.৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আগামী সপ্তাহ থেকে তাপমাত্রা ক্রমাগত কমতে থাকবে এবং পশ্চিমবঙ্গেও ঠান্ডার আমেজ বাড়বে। শীতের আমেজের মধ্যেই কাটবে কালীপুজো। ভাইফোঁটাতেও আবহাওয়ার একই রকম থাকতে পারে। আপাতত মনোরম পরিবেশ থাকবে। আকাশ থাকবে পরিষ্কার। তবে নতুন করে তাপমাত্রা কমার সম্ভাবনা আপাতত নেই। কলকাতা ছাড়াও হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, বর্ধমান ইত্যাদি সহ রাজ্যের অন্যান্য জেলাগুলিতেও তাপমাত্রা কমতে শুরু করবে। তবে উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং ও কালিম্পংয়ে হালকা ঠান্ডা পড়তে শুরু করেছে।

এদিকে, পূর্ব মধ্য আরব সাগরে থাকা ঘূর্ণাবর্ত নিম্নচাপে পরিণত হয়েছে। এদিন নিম্নচাপ ওই এলাকাতেই শক্তি হারাবে। এর কোনও প্রভাব বাংলার উপর পড়ার কোনও আশঙ্কা নেই। সকাল এবং সন্ধ্যায় হালকা শীতের আমেজ থাকবে। উত্তরবঙ্গের পার্বত্য এলাকা ছাড়া অন্যান্য কোনও জেলায় আপাতত বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। উত্তরবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রার বিশেষ বদল না হলেও শীতের আমেজ বাড়বে।

ধান বিক্রি মামলার তদন্ত এবার হাতে নিল ইডি

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: চাষিদের ঠকিয়ে ধান কেনার অভিযোগ সামনে আসছে। ধান কেনায় অনিয়ম অভিযোগে ভবানীপুর ও বালিগঞ্জ থানায় দায়ের হওয়া মামলায় এবার তদন্তে নামল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এবার সেই তদন্তই হাতে নিল ইডি। প্রসঙ্গত, ২০১৮ সালের অগাস্ট মাসে ভবানীপুর ও ২০১৯ সালে বালিগঞ্জ থানায় দায়ের হওয়া দু'টি মামলার ভিত্তিতে মামলা দায়ের করে ইডি। দুই ক্ষেত্রেই অভিযুক্ত হিতেশ চান্ডক ও দীপেশ চান্ডক। দু'জনই অঙ্কিত ইন্ডিয়া রাইস মিলের মালিকপক্ষের লোকজন। অভিযোগ, এই সংস্থার সঙ্গে যোগ রয়েছে জ্যোতিপ্রিয় মল্লিকের। ইতিমধ্যেই ইডি ম্যারাথন তল্লাশি চালিয়েছে 'অঙ্কিত' মিলে। এই সংস্থার বিরুদ্ধে ইতিমধ্যেই নানা অভিযোগ সামনে এনেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।

প্রসঙ্গত, চাষিদের কাছ থেকে ধান কেনায় বেনিয়মের এই অভিযোগ উঠেছিল প্রায় ৬ বছর আগে। সূত্রে খবর, ২০১৮ সালের অগস্ট মাসে ভবানীপুর থানা ও বালিগঞ্জ থানায় দু'টি মামলা রুজু হয়। হাওড়ার জগৎবল্লভপুরের বাসিন্দা স্বপন সাঁতরা। তিনিই বালিগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছিলেন।

ডিসেম্বরের শুরুতেই উত্তরবঙ্গ সফরের পরিকল্পনা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: একটু সুস্থ হতেই পুরোদমে প্রশাসনিক কাজকর্ম শুরু করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার তিনি যাচ্ছেন উত্তরবঙ্গ সফরে। সূত্রের খবর, ডিসেম্বরের শুরুতেই উত্তরবঙ্গ সফরের পরিকল্পনা রয়েছে মমতার। ধূপগুড়ি উপনির্বাচনের পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম উত্তরবঙ্গ সফর।

পায়ের চোটে দীর্ঘদিন ঘরবন্দি ছিলেন। নবান্ন সূত্রের খবর, দিনক্ষণ স্থির না হলেও মোটামুটিভাবে জানা গিয়েছে ডিসেম্বরের ৫ তারিখের পর যে কোনওদিন পাহাড়ে যেতে পারেন মমতা। এই দফায় উত্তরবঙ্গে দুটি প্রশাসনিক বৈঠক করার পাশাপাশি চা বাগানের শ্রমিকদের সঙ্গেও দেখা করতে পারেন মমতা। রয়েছে আরও একগুচ্ছ কর্মসূচি।

ধূপগুড়ি উপনির্বাচনে জয়ের পর এটাই মমতার প্রথম উত্তরবঙ্গ সফর।

নিয়োগ দুর্নীতি, পুকুর ভরাট-সহ একাধিক ইস্যুতে হালিশহর পুরসভায় বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: পুর নিয়োগে দুর্নীতি, পুকুর ভরাট-সহ একাধিক ইস্যুতে শুক্রবার বেলায় হালিশহর পুরসভায় বিক্ষোভ দেখালো বিজেপি। বিজেপির বিক্ষোভ কর্মসূচি ঘিরে অশান্তি এড়াতে পুরসভা চত্বরে মোতায়ন ছিল র‍্যাফ-সহ বিশাল পুলিশ বাহিনী। বিক্ষোভকারীদের দাবি, নিয়োগ দুর্নীতিতে দুর্নীতি হয়েছে বলেই পুরসভা ও পূর্বতন পুরপ্রধানের বাড়িতে ইডির অধিকারিকরা তদন্তে এসেছিলেন। বিক্ষোভে যোগ দিয়ে বিজেপির কাঁচড়াপাড়া মণ্ডল-১ সভাপতি অমিত জানার অভিযোগ, যোগ্য প্রার্থীদের চাকরি না দিয়ে টাকার বিনিময়ে পূর্বতন পুরপ্রধান চাকরি বিক্রি করেছেন। অথচ পুরসভার অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ করা হয়নি।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

পাঞ্জাব এণ্ড সিংধ বৈংক / Punjab & Sind Bank

ঘিদহ ব্রাঞ্চ, মুদি বাড়ি বাসস্টপ, বারাসত-ব্যারাকপুর রোড, পো. নীলগঞ্জ বাজার, কলকাতা - ৭০০১২১, ফোন : ০৩৩-২৫৩৫৪৪৪৪

দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

পরিশিষ্ট IV [রুল ৮(১)]

যেহেতু :

নিম্নস্বাক্ষরকারী **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, ঘিদহ ব্রাঞ্চ** ২০০২ সালের (২০০২ এর অর্ডার নং ৩) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **০৬.০৬.২০২৩ তারিখে ঋণগ্রহীতা শ্রী বিজয় দাস** কে নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ **১৫,১৬,৮১৫.০০ টাকা** (পনের লাখ ষোলো হাজার আটশো পনের টাকা) টাকা ০১.০৬.২০২৩ থেকে মাসিক/তিন মাস অন্তর সুদ সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক **দাবি নোটিশ** ইস্যু করেছেন।

ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাকে এবং সাধারণকে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্বত্ব দখল করেছেন **৭ নভেম্বর ২০২৩ তারিখে**।

ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই উক্ত জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে কোনওরূপ লেনদেন **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক,** নিকট বকেয়া **১৫,১৬,৮১৫.০০ টাকা** (পনের লাখ ষোলো হাজার আটশো পনের টাকা) টাকা এবং পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।

স্থাবর সম্পত্তির বিবরণ : সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি বসবাসের ফ্ল্যাট নং সি অবস্থিত দ্বিতীয় তলে, ৮৮ (১০৮), সিবাচল রোড, পো- বিরাটি, থানা- নিমতা, কলকাতা- ৭০০০৫১, উত্তর দমদম পুরসভা ওয়ার্ড নং ২৪, উল্লেখ্য বিক্রয় দলিল নং তারিখ ২৭.০৩.২০১৯, রেজিস্ট্রিকৃত এডিএসআর অফিস-বেলঘড়িয়া এবং নথিভুক্ত /তালিকাভুক্ত বুক নং ১, দলিল নং ১৩৭৪, ভল্যুম নং ১৫২৬-২০১৯, পৃষ্ঠা ৪৫১৭৬ থেকে ৪৫২১১, দলিল নং ১৫২৬০১৩৭৪ - ২০১৯ সালের। **চৌহদ্দি :** উত্তরে : ১৪ বর্গফুট শিবাচল রোড, পূর্বে: একতলা বসবাসের ভবন, পশ্চিমে : দোতলা বসবাসের ভবন, দক্ষিণে : একতলা বসবাসের ভবন সমন্বিত।

তারিখ : ০৭.১১.২০২৩
স্থান : কলকাতা

অনুমোদিত অফিসার
পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক

COSMIC CRF LIMITED

CIN:L27100WB2021PLC250447
Registered Office:19, Monohar Pukur Road, 2nd Floor, Kolkata - 700029
email :cs@cosmiccrf.com, Phone :- +91 33796 47499 website: www.cosmiccrf.com

UNAUDITED STATEMENT OF PROFIT AND LOSS FOR THE HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2023

(₹ in lakhs)

Sr. No.	Particulars	Half Year Ended			Year Ended
		30.09.2023 (Unaudited)	31.03.2023 (Unaudited)	30.09.2022 (Unaudited)	31.03.2023 (Audited)
1	Total Income from Operations	12349.77	10890.73	1258.58	12149.31
2	Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and/or Extra ordinary items)	773.30	787.49	80.49	867.97
3	Net Profit/(Loss) for the period before Tax (after Exceptional and/or Extra ordinary items)	773.30	787.49	80.49	867.97
4	Net Profit/(Loss) for the period after Tax (Exceptional and/or Extra ordinary items)	679.46	560.71	80.49	641.19
5	Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and other Comprehensive Income (after tax)	-	-	-	-
6	Equity Share Capital	692.20	510.00	510.00	510.00
7	Earning per Equity Share (Basic)	11.28	11.67	1.83	13.50
	Earning per Equity Share (Diluted)	11.28	11.67	1.83	13.50

Notes on Standalone Financials Results:

1. The above results published in accordance with Reg. 33 of SEBI (LODR), 2015 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meeting held on November 10, 2023. The Financial results have been prepared in accordance with the Accounting Standards ("AS") as prescribed under Section 133 of the Companies Act, 2013 read with Rule 7 of Companies (Accounts) Rules 2014 by the Ministry of Corporate Affairs and ammendments thereof.
2. As per Ministry of Corporate Affairs Notification dated February 16, 2015, Companies whose securities are Listed on SME Exchange as referred to in Chapter XB of the Securities and Exchange Board of India (Issue of Capital and Disclosure Requirements) Regulations, 2009 are exempted from the compulsory requirement of adoption of Ind AS.
3. The Company's operating segment based on the company's products include Iron & Steel based railway wagon parts & components etc under one segment, therefore separate segment reporting is not applicable.
4. The Company is implementing its Expansion Project (CAPEX) as stated in Prospectus and planning to complete the expansion project within the scheduled time.
5. Earning per share have been calculated on the weighted average of the share capital outstanding during the end of the half year i.e. 30th September/ or at the end of the year. Half Yearly EPS is not annualised.
6. Pursuant to an order by Hon'ble High Court at Calcutta (Division Bench) dated 30th August,2023 has appointed an Ex Supreme Court Judge as the Sole Arbitrator to adjudicate the issues and differences between the parties pertaining to the Business Transfer Agreement dated January 19, 2022 involving the Contingent Liability amounting to Rs.1034.33 Lakhs. The instant matter is pending for adjudication and financial effect if any will be provided on settlement of the issue.
7. The Company has revalued the Property, Plant & Equipment based on valuation report dated 14th June, 2023 issued by the Registered Valuer and adopted its value resulting in Revaluation Reserve of Rs. 4473.95 Lakhs and corresponding increase in Property, Plant & Equipment. In view of the same increamental depreciation of Rs.110.07 Lakhs has been adjusted against Revaluation Reserve and transfer to Retained Earning.
8. During the current period the company has successfully won a bid through CIRP under price challenge mechanism dated 11th October, 2023 for acquisition of a Company with Shed /Structure, Building and Plant & Machinery etc situated at Domjur, District- Howrah, WB having similar line of activities. The approval from CoC/ NCLT is awaited in this respect. The Company is anticipating the production capacity of the company will increase substantially on completion of the acquistion.

For and on behalf of the Board of Directors
Cosmic CRF Limited
SD/-
Aditya Vikram Birla
Managing Director
DIN:06613927

Place : Kolkata
Date : 10th November, 2023

KVB Karur Vysya Bank — Smart way to bank

দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিঃ
বাগনান শাখা
ও.টি. রোড, খাদিনান, বাগনান, হাওড়া জেলা
বেতাল অয়েল মিলের নিকট, বাগনান, পব ৭১১৩০৩

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ -এর রুল ৮(১)] অধীনে ইস্যুকৃত

যেহেতু,

নিম্নস্বাক্ষরকারী, **দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেডের** অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন এন্ড রিকনস্ট্রাকশন অফ ফিনানসিয়াল অ্যাসেটস্ অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট নং ২০০২-এর ৫৪) এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে তার উপর অর্পিত ক্ষমতাবলে **০৭.০৭.২০২৩** তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারিপূর্বক **১) মেসার্স গরাই ফার্নিচার (ঋণগ্রহীতা)** স্বত্বা. শ্রী প্রসেনজিৎ গরাই, ০১ সুজাতা সিনেমা কমপ্লেক্স, এনএইচ-৬, বাগনান, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৩০৩ **এবং আরও প্রসেনজিৎ গরাই, পিতা প্রদীপ কুমার গরাই,** ৯০ খাদিনান, অভিরামপুর, হাওড়া, বাগনান, হাওড়া - ৭১১৩০৩ **২. শ্রী প্রদীপ গরাই (জামিনদাতা),** ওটি রোড, খাদিনান, বাগনান, হাওড়া - ৭১১৩০৩ -কে আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তিতে উল্লিখিত টাকার অঙ্ক অর্থাৎ **৩৬,৩৬,৬৭৩.১৩ টাকা (ছত্রিশ লাখ ছত্রিশ হাজার ছশো তিয়াত্তর টাকা এবং তেরো পয়সা) টাকা** তৎসহ আরও সুদ পরিশোধ করতে বলেন, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে।

ঋণগ্রহীতা/জামিনদাতা উক্ত অর্থ পরিশোধে অপারগ হওয়ায় এতদ্বারা ঋণগ্রহীতা/ জামিনদাতাকে এবং জনসাধারণকে সাধারণভাবে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০২০ -এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৪) অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে **৬ নভেম্বর, ২০২৩** তারিখ অত্র নিম্নে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষ করে ঋণগ্রহীতা/জামিনদাতাকে এবং সাধারণভাবে জনগণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তারা যেন এই সম্পত্তি নিয়ে কোনও লেনদেন না করেন এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও লেনদেনে **৩৬,৩৬,৬৭৩.১৩ টাকা (ছত্রিশ লাখ ছত্রিশ হাজার ছশো তিয়াত্তর টাকা এবং তেরো পয়সা) টাকা** এবং তদুপরি সুদ, মূল্য এবং অন্যান্য খরচ দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেড-এর ধার্য সাপেক্ষ হবে।

জামিনযুক্ত পরিসম্পৎ পরিশোধের জন্য প্রাপ্তব্য সময় সম্পর্কে আইনের ১৩ ধারার (৮) উপধারার বিধানাবলির প্রতি ঋণগ্রহীতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

	30.09.23	30.09.22	30.09.23	30.09.22	31.03.23
Total income	232	399	407	720	1662
Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional items) ^	(43)	(531)	(83)	(797)	(216)
Net Profit/(Loss)for the period before tax (after exceptional items) ^	58	3098	98	3679	16726
Net Profit/(Loss)for the period after tax(after exceptional items)	58	3098	98	3679	16546
Total comprehensive income for the period [{Comprising Profit/(Loss) for the period (after tax) and other comprehensive income(after tax)}]	58	3098	98	3679	16547
Paid up Equity Share Capital	3303	3303	3303	3303	3303
Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)					
Basic :	0.18	9.38	0.30	11.14	50.09
Diluted:	0.18	9.38	0.30	11.14	50.09

^ Includes share in profit of associate.

Extract from the Standalone financial results: (Rs. In Lakhs)

Particulars	Quarter Ended		Six Month Ended		Year Ended
	Unaudited		Unaudited		Audited
	30.09.23	30.09.22	30.09.23	30.09.22	31.03.23
Income from operations (Turnover)	157	15	264	41	520
Profit before tax	58	3098	98	3679	16726
Profit after tax	58	3098	98	3679	16546

Note:
1) The above results for the quarter and six months ended September 30, 2023 have been reviewed and recommended by the Audit Committee and approved by the Board of Directors at its meeting held on November 10, 2023 and the Statutory Auditors of the Company have carried out "Limited Review" of the same.
2) The above is an extract of the detailed format of year ended Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 and SEBI Circular CIR/CFD/FAC/62/2016 dated July 05, 2016. The full format of the same are available on Stock Exchanges Website i.e. NSE (www.nseindia.com) and BSE (www.bseindia.com) and on Company's website www.somatextiles.com.

For **Soma Textiles & Industries Ltd.**
A. K. Somany
Managing Director
DIN: 00024903

Place: Ahmedabad
Date: 10th November, 2023

এনপিআর ফিনান্স লিমিটেড

CIN: L65921WB1989PLC047091
রেজিঃ অফিস : টোডি ম্যানসন, ১০ম তল, ১ লু সাং সরণি, কলকাতা-৭০০ ০৭৩
ফোন নং- ০৩৩-২২৩৭৭২০১/৭২০২, ইমেল আইডি- npr1@nprfinance.com
ওয়েবসাইট- www.nprfinance.com

৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত তিন মাস এবং ছয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ (টাকা লাখে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			ছয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		৩০.০৯.২০২৩	৩০.০৬.২০২৩	৩০.০৯.২০২২	৩০.০৯.২০২৩	৩০.০৯.২০২২	৩১.০৩.২০২৩
		(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৩৩২.৮০	২৬৭.৬৮	২৫৬.৭৯	৬০০.৪৮	৫০৬.৯৯	১২৭৪.৩৩
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর,ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে)	১০৫.১১	৮.০৫	(৬৬.১০)	১১৩.১৬	(৮৬.৪৮)	(২৯৪.৭০)
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে)	১০৫.১১	৮.০৫	(৬৬.১০)	১১৩.১৬	(৮৬.৪৮)	(৩৩১.৯৫)
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী(ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে)	৮৯.৮১	৫.৩৫	১৮.৮৪	৯৫.১৬	(৪.০১)	(২৪১.৬৮)
৫	সময়কাল [সময়কালের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত]-এর জন্য মোট ব্যাপক আয়	৮৯.৮১	৫.৩৫	১৮.৮৪	৯৫.১৬	(৪.০১)	(৩৭৩.০৬)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬
৭	অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে)	৪৪৭৮.৪৭	৪,৩৮৮.৬৬	৪,৭৫২.৩৬	৪৪৭৮.৪৭	৪,৭৫২.৩৬	৪৩৮৩.৩২
৮	শেয়ার প্রতি আয় (১০/- টাকার প্রতিটি) (চালু থাকা ও ব্যাহত হওয়া কার্যাদির জন্য) –						
	(ক) মৌলিক :	১.৫০	০.০৯	০.৩১	১.৫৯	(০.০৭)	(৪.০৩)
	(খ) মিশ্রিত :	১.৫০	০.০৯	০.৩১	১.৫৯	(০.০৭)	(৪.০৩)

দ্রষ্টব্য ঃ
(১) ১০ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নিরীক্ষণ সমিতি দ্বারা পর্যালোচিত এবং পরিচালন পর্ষদ দ্বারা উপরের ফলাফলসমূহ অনুমোদিত করা হয়েছে।
(২) চলতি সময়কালের উপস্থাপনাকে নিশ্চিত করতে যেখানে প্রয়োজন সেখানে বিগত বর্ষের রাশিসমূহকে পুনর্শ্রেণিযুক্ত/পুনর্দলভুক্ত/পুনর্সজ্জিত করা হয়েছে।
(৩) ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধ বর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরেরটি যা স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে, সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস্) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট (http://www.bseindia.com) -এ এবং কোম্পানির ওয়েবসাইট (http://www.nprfinance.com) -এ।
(৪) বিধিবদ্ধ নিরীক্ষক, ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধ বর্ষের আর্থিক ফলাফলের সীমায়িত পুনরীক্ষণ সম্পন্ন করেছেন।

পর্ষদের আদেশানুসারে
এনপিআর ফিনান্স লিমিটেডের পক্ষে
পবন কুমার টোডি
এগজিকিউটিভ ডিরেক্টর
DIN- 00590156

তারিখ: ১০ নভেম্বর, ২০২৩
স্থান: কলকাতা

সংশোধিত ফর্ম জি
রিকন ইঞ্জিনিয়ারস (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড
ইঞ্জিনিয়ারিং, প্রোকিউরমেন্ট এবং কনস্ট্রাকশন (ইপিসি) পরিচালনায় নিযুক্তর জন্য আগ্রহ প্রকাশক আহ্বান
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশন ৩৬এ-এর সাব রেগুলেশন (১) অধীনে)

সংশ্লিষ্ট বিস্তারিত

১.	প্যান/সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম	**রিকন ইঞ্জিনিয়ারস (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড** CIN : U45201WB1988PTC045417
২.	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	২২৭, কমলালয়া সেন্টার, ১৫৬এ লেনিন সরণি, কলকাতা - ৭০০০১৩
৩.	ওয়েবসাইটের ইউআরএল	প্রযোজ্য নয়
৪.	যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত	কলকাতা এবং দিল্লি
৫.	প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা	আগরতলা এবং ওখলা (দিল্লি)-তে কোম্পানির ২টি চালু প্রোজেক্ট আছে
৬.	বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য	শেষ আর্থিক বর্ষ ২০২১-২২ এর নিরীক্ষিত আর্থিক ফলাফল অনুযায়ী : পরিমাণ : প্রযোজ্য নয় কার্যাদি থেকে রেভেনিউ : আইএনআর ২১.৫৬ কোটি
৭.	কর্মী/কাজের লোকের সংখ্যা	৩২ জন কর্মী বিভিন্ন স্থানে
৮.	বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট ঘটনা (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন ইউআরএল সহ পরবর্তী	বিস্তারিত পাওয়া যাবে আরপি নিকট ইমেল পাঠিয়ে ইমেল আইডি : cirp.reacon@gmail.com
৯.	প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২)(এইচ) অধীনে	বিস্তারিত পাওয়া যাবে আরপি নিকট ইমেল পাঠিয়ে ইমেল আইডি : cirp.reacon@gmail.com
১০.	আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ	২৫ নভেম্বর ২০২৩
১১.	সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ	২ ডিসেম্বর ২০২৩
১২.	সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ	৪ ডিসেম্বর ২০২৩
১৩.	সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ	৫ ডিসেম্বর ২০২৩
১৪.	সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ	৮ ডিসেম্বর ২০২৩
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	৭ জানুয়ারি ২০২৪
১৬.	ইওআই দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি	cirp.reacon@gmail.com

প্রতীম বয়াল
পেশাদার প্রস্তাবক
IBBI/IPA-003/IP-N00213/2018-2019/12385
আইবিবিআই রেজি. ঠিকানা : ১৮/১, তারাপুকুর মেন রোড, ঘোষ পাড়া, আগরপাড়া, কলকাতা - ৭০০১০৯
pratimbayal@gmail.com
রিকন ইঞ্জিনিয়ারস (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড’এর পক্ষে
এএফএ নং : এএ৩/১২৩৮৫/০২/০৬১২২৩/৩০০৭৯১ | বৈধ : ০৬.১২.২০২৩ পর্যন্ত
তারিখ : ১১.১১.২০২৩ | স্থান : কলকাতা

জ্বালাও আলো, আপন আলো, জয় করো এই তামসীরে

ইন্দ্রজিৎ সেনগুপ্ত

এদেশের দীপাবলী উৎসব বহু পুরানো। সম্ভবত হাজার বছর আগে আমাদের পূর্বপুরুষরা বর্ষায় চাষ করা ফসল ঘরে তোলার পর যে আনন্দ উৎসব পালন করতো, সেটাই বর্তমানের দীপাবলী উৎসবের পরিবর্তিত রূপ। যখন ভারতে মুঘল বাদশাহরা রাজত্ব করেছেন তখনো সারা দেশে মহাসমারোহে পালিত হত দীপাবলী। মূলত আলোর উৎসব হলেও দেশের বিভিন্ন প্রান্তে এই উৎসবকে ঘিরে রয়েছে নানা সংস্কার। 'ধনতেরাস উৎসব' দিয়ে শুরু হয় পাঁচ দিনের দীপাবলি উৎসব। শেষ হয় সেই 'ভাই দুজ' অর্থাৎ আমাদের বাঙালিদের 'ভ্রাতৃ-দ্বিতীয়া' উৎসব দিয়ে। এই পাঁচ দিনব্যাপী দেওয়ালি তথা দীপাবলি উৎসব মহা আড়ম্বরে পালিত হয়। কার্তিকের ত্রয়োদশীতে ধনসম্পদ কেনার দিন। এই দিনটিতে গৃহস্থ বাড়িতে গহনা ও বাসনপত্র কেনার রীতি আছে। পুরাণ মতে, স্বর্গের চিকিৎসক ধন্বন্তরির জন্মজয়ন্তী হিসেবে পালন করা হয় এই দিনটি। কারণ সমুদ্রমন্থনেই ধন্বন্তরি উদ্ভূত হয়েছিলেন। আবার অন্য মতে, রাজা হিমার কিশোর পুত্রের কুষ্ঠিতে না কি লেখা ছিল, বিবাহের চতুর্থ রাতে সর্প দংশনে তার মৃত্যু হবে। রাজপুত্রের কিশোরী স্ত্রী, সেই রাতে যাবতীয় অলঙ্কার, স্বর্ণমুদ্রা স্তূপীকৃত করে সদর দরজায় রেখে দেন। প্রচুর আলোয় আলোকিত রাখে চারপাশ। যথাসময়ে যম আসেন ও অলঙ্কারের আলোয় চোখ ধাঁধিয়ে ফেলেন ও ভোর হওয়ার আগেই ফিরে যান। এই ভাবে কিশোরী বধূ তাঁর স্বামীর প্রাণ বাঁচিয়ে তোলেন। সেই জন্য এই দিনটিকে ধনতেরাস এবং 'যমদীপদান' উৎসবও বলা হয়।

'এত আলো জ্বালিয়েছ এই গগনে কী উৎসবের লগনে' গানটি শুনলেই বোঝা যায় আলোর উপাসক রবীন্দ্রনাথ, আলোকের ঝরনাধারায় যাঁর অবগাহন। ভুবন ভরা আলো যাঁর আত্মীয়, সেই উপনিষদীয় রবীন্দ্রনাথ। আবার রবীন্দ্রনাথের কণ্ঠ থেকে যখন নিঃসৃত হয় - তমসো মা জ্যোতির্গময় , অর্থাৎ তমসা থেকে জ্যোতির দিকে, অন্ধকার থেকে আলোর দিকে তাঁর যাত্রা। এই আলোর উৎসবের পিছনে আছে রবীন্দ্রনাথের গানের বিশাল ভাণ্ডার। সে সব গানে আলোর পথযাত্রীর কাছে আসে আহ্বান। এই যে রাত্রি এখানে থেমে যেও না। ক্লান্ত হয়ে হারিয়ে যেও না। পথঘাট প্রান্তর ছাড়িয়ে বহু দূর থেকে আসা সেই ডাক। ছেঁচড়ে-ছেঁচড়ে-ছেঁচড়ে এগিয়ে চল, লড়তে-লড়তে-লড়তে, মার খেয়েও যেতে হবে। কখনও কখনও মনে হয় জীবন একটা সংগ্রাম। কিন্তু জীবন কেন একটা সংগ্রাম হবে? সত্যিই তো। চারপাশে লক্ষ লক্ষ জীবাণু অবশ্য ওঁত পেতে আছে। তার মধ্য দিয়ে শিশুটিকে, শিশুর মাকে বাঁচতে হবে। একটা ঘটে যেতে পারা মৃত্যুর মধ্য দিয়ে এই বেঁচে থাকা। গর্ভের অন্ধকার ভেদ করে আলোর দিকে তার যাত্রা। মানবজীবনের এই গোটা ইতিহাসের যাত্রা; সেই আদিম সাম্যের পৃথিবী থেকে, শ্রেণিবৈষম্যের ধুলো, কাদা, রক্তমাখা ইতিহাস পেরিয়ে সেই নতুন সাম্যের দিকে, আলোর দিকে যে যাচ্ছে ; রবীন্দ্রনাথ তখন তার গানের নৈবেদ্য দিয়ে ঘরে ঘরে ডাক পাঠাচ্ছে;'দীপালিকায় জ্বালাও আলো/জ্বালাও আলো, আপন আলো, সাজাও আলোয় ধরিত্রীরে।'

দীপাবলি আদতে হল আলোর উৎসব! বিশ্বের বিভিন্ন ধর্মের মধ্যেই এক ধরণের আলোক-উৎসবের কথা বলা আছে! এই উত্ সবে পুজোর থেকেও বেশি উল্লেখযোগ্য হল দীপমালার সজ্জা! এর সঙ্গে জড়িয়ে গিয়েছে ভারতীয় সংস্কৃতির নানা কাহিনি, যেগুলির সঙ্গে কালীর থেকেও বেশি সম্পর্ক লক্ষ্মীর! একটি কাহিনির সঙ্গে জড়িয়ে আছে সমুদ্রমন্থনের আখ্যান। সেখানে বলা হয়েছে; দেবরাজ ইন্দ্র ঐশ্বর্যের অহঙ্কারে সকলকে তুচ্ছ-তাচ্ছিল্য করতেন। একদা দুর্বাশা মুনী তাঁর গলার পারিজাত মালাটি স্নেহ ভরে হাতির পিঠে আসীন ইন্দ্রের গলায় পরাতে গেলে মালাটি হাতির দাঁতের উপর গিয়ে পড়ে এবং হাতি মালাটিকে শুঁড়ে করে মাটিতে ফেলে দেয়। এই দেখে ক্রুদ্ধ হয়ে দুর্বাসা 'লক্ষ্মীহারা হও' বলে ইন্দ্রকে শাঁপ দিলেন। মুনির অভিশাপে দেবরাজ ইন্দ্র অসুরদের কাছে পরাজিত হয়ে সিংহাসনও হারালেন। অসুররা স্বর্গ দখল করে দেবরাজ ইন্দ্র-সহ দেবতাকুলকেই বিতাড়িত করল। দেবলক্ষ্মীও অসুরদের ভয়ে সমুদ্রের নীচে গিয়ে আশ্রয় নিলেন। এই বিপদ থেকে রক্ষা পেতে ইন্দ্র ব্রহ্মার শরণাপন্ন হলেন। ব্রহ্মা সব শুনে বললেন, একমাত্র ভগবান বিষ্ণুই দেবতাদের এই বিপদ থেকে রক্ষা করতে পারবেন। দেবতারা এবার বিষ্ণুর কাছে গেলেন। বিষ্ণু জানালেন, সমুদ্রকে মন্থন করে অমৃত উদ্ধার করে আনতে হবে এবং তা পান করে দেবতারা অমরত্ব লাভ করবেন। এবং সেই সঙ্গে স্বর্গচ্যুত লক্ষ্মীদেবীকেও উদ্ধার করা সম্ভব হবে। বিষ্ণুর পরামর্শ অনুযায়ী, মন্দার পর্বতকে দণ্ড করে এবং বাসুকী নাগকে মন্থনের রজ্জু হিসেবে ব্যবহার করে সমুদ্রকে মন্থন করা হল। বাসুকী নাগ তার শরীর দিয়ে মন্দার পর্বতকে জড়িয়ে রইল আর তার মুখ ও লেজের দু'দিক ধরে দেবতা ও অসুরেরা টানাটানি করল। মন্থনের ফলে একে একে চন্দ্র, ঐরাবত হাতি, উচ্চৈঃশ্রবা ঘোড়া, বিভিন্ন রত্ন, পারিজাত পুষ্পবৃক্ষ উঠে এল। এর পর অমৃতের ভাণ্ড নিয়ে সমুদ্র থেকে উঠে এলেন দেববৈদ্য ধন্বন্তরি। এবং মন্থনের একেবারে শেষ পর্বে সহস্র ফণার ছত্র মাথায় নিয়ে উঠে এলেন দেবী লক্ষ্মী। প্রচলিত বিশ্বাস হল; কার্তিক মাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশী তিথিতেই সমুদ্র থেকে ধন্বন্তরি উঠে এসেছিলেন। তাই এই তিথির নাম ধন্বন্তরি ত্রয়োদশী বা সহজ কথায় ধনতেরাস। সেজন্য এই দিন ধনের উপাসনা করতে হয় আর তার এক দিন পর, দেবী লক্ষ্মী সমুদ্র থেকে উঠে আসেন বলে ওই দিন লক্ষ্মীর আরাধনাও করা হয়। সমুদ্রমন্থনের পরে যেদিন ক্ষীরসাগর থেকে মহালক্ষ্মীর উত্থান ঘটে, সেদিনটি নাকি ছিল কার্তিক-অমাবস্যা! তাই লক্ষ্মীর স্বর্গে ফেরা উপলক্ষে স্বর্গকে নাকি সাজিয়ে তোলা হয়েছিল আলোকমালায়! আবার অন্য এক পুরাণ মতে, দেবতাদের পরাজিত করে বালিরাজা লক্ষ্মীকে নিয়ে গিয়ে পাতালে লুকিয়ে রাখেন। এই কার্তিকী অমাবস্যার রাতেই নারায়ণ বলিরাজাকে পরাজিত করে পাতাল থেকে লক্ষ্মীকে উদ্ধার করে আনেন।

রামায়ণ এবং মহাভারতেও দীপাবলীর আলোকসজ্জার কারণ পাওয়া যাবে। তেমন একটি কাহিনি রামায়ণের অনুসঙ্গে তৈরি। ওই কাহিনি অনুসারে বলা হয়, লঙ্কাবিজয় সেরে সীতা ও লক্ষ্মণকে নিয়ে রামচন্দ্র যেদিন অযোধ্যায় (সাবেক নাম শাকেতপুর) ফেরেন, তিথি হিসেবে সেটি ছিল ওই কার্তিক-অমাবস্যা! পুরাণে রামচন্দ্র ভগবান বিষ্ণুর সপ্তম অবতার হিসেবে স্বীকৃত তাই রামের লীলাসঙ্গিনী সীতার পরিচিতি লক্ষ্মী হিসেবেই। সেই লক্ষ্মীদেবীকে বরণ করে নেবার জন্য সে রাতে অযোধ্যা নগরীকে সাজানো হয়েছিল অগণ্য দীপমালায় এবং সেই রীতি অনুসরণ করেই নাকি দীপাবলিতে আলোকমালায় নগরীকে সাজানোর প্রথা তৈরি হয়েছে। অন্য এক কাহিনি আবার এসেছে মহাভারতের এক উপকাহিনি থেকে। সেই আখ্যান অনুসারে বলা হয়ে থাকে; প্রাগজ্যোতিষপুরের অসুরদের রাজা নরক বা নরকাসুর ছিলেন দেবতাদের ঘোর শত্রু। তিনি হাতির রূপ ধরে প্রথমে বিশ্বকর্মার কন্যা-সহ বহু দেবতা, মানুষ, গন্ধর্বের কন্যাকে অপহরণ করে বন্দি করে রাখতেন। ষোল হাজার নারীকে সেখানে বন্দি করে রাখা ছিল। দেবতাদের অনুরোধে কৃষ্ণ কার্তিক-চতুর্দশীতে নরকাসুরকে বধ করে তার কারাগারে ওই বন্দী ষোল হাজার কন্যাকে মুক্ত করেন! পরে তাদের সবাইকে কৃষ্ণ বিবাহও করেন। কৃষ্ণের ভক্ত-অনুগামীদের কাছে ওই গোপিনীদের মুক্তির স্মরণ উত্ সবই দীপাবলী। সেই উপলক্ষে, পরের দিন অর্থাত্ কার্তিক-অমাবস্যাতে আলোকমালা জ্বালিয়ে উতসব হয়েছিল! দীপাবলিতে দীপ জ্বালানো নিয়ে এমন নানা রকম কাহিনি বলা আছে হিন্দু পুরাণ-শাস্ত্রগুলিতে! ভারতীয় হিন্দু ধর্মের আবার পাঁচটি উপ-বিভাগ রয়েছে। এগুলি হল; শিবের উপাসক বা শৈব, বিষ্ণুর উপাসক বা বৈষ্ণব, শক্তির উপাসক বা শাক্ত, গণেশের উপাসক বা গাণপত এবং সূর্যের উপাসক বা সৌরী। এদের মধ্যে অন্যতম শাক্তদের প্রাধান্য পূর্ব ভারতেই বেশি! অতি প্রাচীন কাল থেকেই বাংলায় এই ধারা চলে আসছে! বাংলার উৎসব মরশুমে এই শক্তি আরাধনাই হয় দুর্গা ও কালীপুজোর মধ্যে দিয়ে! কিন্তু মধ্যযুগে চৈতন্যদেব প্রবর্তিত গৌড়ীয় বৈষ্ণব ভাবধারার প্রাধান্যও লক্ষ্য করা যায় বাংলার শক্তি আরাধানার ক্ষেত্রে! দেবীপক্ষের শেষ দিন অর্থাৎ আশ্বিনের শুক্লপক্ষের পূর্ণিমায় হয় কোজাগরী লক্ষ্মীপুজো! আর তার পনের দিন পরে কার্তিক অমাবস্যায় দীপাবলীর দিন হয় কালীপুজো! হিন্দু পুরাণ-শাস্ত্র অনুসারে দেবী কালিকা দুর্গারই আর এক রূপ! শক্তির উপাসকেরা দীপাবলীর দিন কালীপুজো করেন আর সেদিন সারা ভারত জুড়ে বিষ্ণুর উপাসকেরা আরাধনা করেন মহালক্ষ্মীর! বঙ্গদেশেও তার ব্যতিক্রম হয় না! কালীপুজোর রাতে দীপান্বিতায় অলক্ষ্মী বিদায় ও মহালক্ষ্মীর পুজো দিয়ে সূচনা হয় পশ্চিমবঙ্গীয়দের কার্তিক, পৌষ, চৈত্র ও ভাদ্র মাসের লক্ষ্মী পুজোর! এমন কী বাংলার অন্যতম প্রাচীন শক্তিপীঠ মহাতীর্থ কালীঘাট মন্দিরে এই কার্তিক অমাবস্যায় দীপান্বিতা মহালক্ষ্মীর পুজো করেন হালদার-বংশীয় সেবায়েতরা! বঙ্গদেশে এই উৎসব কালীপুজোর সঙ্গে জুড়ে আছে। বঙ্গদেশ-সহ গোটা পূর্বভারত সংস্কৃতিগতভাবে চিরকালই ছিল তথাকথিত আর্যাবর্তের বাইরে। এখানকার ধর্মীয় সংস্কৃতিতে যে সমস্ত লৌকিক দেবদেবী ছিল তারাই পুজিত হয়ে এসেছেন একটা দীর্ঘ সময় ধরে। আর্য সংস্কৃতির বাইরে থাকার কারণে এখানে বৌদ্ধ ধর্ম বিস্তৃতি লাভ করতে পেরেছিল দ্রুত। এখানকার লৌকিক দেবী ও বৌদ্ধ তন্ত্র মিলেমিশে শক্তি-আরাধনার বিস্তৃত পট তৈরি হয়েছিল বঙ্গদেশ জুড়ে। যারই এক সংহত ও সংঘবদ্ধ রূপ কালীপুজো। ছড়িয়ে ছিটিয়ে থাকা লৌকিক দেবদেবীদের একত্রিত করে দেবী কালিকার এক সুসংহত রূপ প্রদান করেছিলেন চৈতন্য সমসাময়িক শক্তি সাধক কৃষ্ণানন্দ আগমবাগীশ। এবং সেই দেবীকেই গ্রহণ করা হল রাত্রি (অন্ধকার) ও মৃত্যুর অধিদেবতা রূপে। মৃত্যুকে জয় করবার বাসনা সব মানুষেরই। যদি তাকে জয় করা নাও সম্ভব হয়, তবু তাকে তুষ্ট রাখার জন্যই দীপ জ্বালিয়ে মৃত্যুদেবতার আরাধনাই দীপাবলী।

এদেশের দীপাবলী উৎসব বহু পুরানো। সম্ভবত হাজার বছর আগে আমাদের পূর্বপুরুষরা বর্ষায় চাষ করা ফসল ঘরে তোলার পর যে আনন্দ উৎসব পালন করতো, সেটাই বর্তমানের দীপাবলী উৎসবের পরিবর্তিত রূপ। যখন ভারতে মুঘল বাদশাহরা রাজত্ব করেছেন তখনো সারা দেশে মহাসমারোহে পালিত হত দীপাবলী। মূলত আলোর উৎসব হলেও দেশের বিভিন্ন প্রান্তে এই উৎসবকে ঘিরে রয়েছে নানা সংস্কার।

'ধনতেরাস উৎসব' দিয়ে শুরু হয় পাঁচ দিনের দীপাবলি উৎসব। শেষ হয় সেই 'ভাই দুজ' অর্থাৎ আমাদের বাঙালিদের 'ভ্রাতৃ-দ্বিতীয়া' উৎসব দিয়ে। এই পাঁচ দিনব্যাপী দেওয়ালি তথা দীপাবলি উৎসব মহা আড়ম্বরে পালিত হয়। কার্তিকের ত্রয়োদশীতে ধনসম্পদ কেনার দিন। এই দিনটিতে গৃহস্থ বাড়িতে গহনা ও বাসনপত্র কেনার রীতি আছে। পুরাণ মতে, স্বর্গের চিকিৎসক ধন্বন্তরির জন্মজয়ন্তী হিসেবে পালন করা হয় এই দিনটি। কারণ সমুদ্রমন্থনেই ধন্বন্তরি উদ্ভূত হয়েছিলেন। আবার অন্য মতে, রাজা হিমার কিশোর পুত্রের কুষ্ঠিতে না কি লেখা ছিল, বিবাহের চতুর্থ রাতে সর্প দংশনে তার মৃত্যু হবে। রাজপুত্রের কিশোরী স্ত্রী, সেই রাতে যাবতীয় অলঙ্কার, স্বর্ণমুদ্রা স্তূপীকৃত করে সদর দরজায় রেখে দেন। প্রচুর আলোয় আলোকিত রাখে চারপাশ। যথাসময়ে যম আসেন ও অলঙ্কারের আলোয় চোখ ধাঁধিয়ে ফেলেন ও ভোর হওয়ার আগেই ফিরে যান। এই ভাবে কিশোরী বধূ তাঁর স্বামীর প্রাণ বাঁচিয়ে তোলেন। সেই জন্য এই দিনটিকে ধনতেরাস এবং 'যমদীপদান' উৎসবও বলা হয়।

মহারাষ্ট্র রাজ্যে দীপাবলির দিন কয়েক আগেই পালিত হয় 'গোবৎস দ্বাদর্শী'। একে বলে 'বাসু বরস' উৎসব। এ ক্ষেত্রে 'গো' অর্থাৎ 'গাভী' এবং 'বৎস' অর্থাৎ 'বাছুর'। মরাঠি ভাষায় 'দ্বাদর্শী' বা 'বরস' মানে চন্দ্রমাসের দ্বাদশ দিন। এই 'বাসু বরস' দিনে মরাঠি সম্প্রদায়ের মানুষজন গরু-বাছুরের পুজো করেন। মরাঠিদের প্রাচীন আখ্যান মতে, পুরাকালে রাজা ভিনা ছিলেন একজন খুবই অত্যাচারী শাসক। তাঁর অসৎ রাজ্যশাসনে ও প্রজাদের ওপর অত্যাচারে পৃথিবী ক্রমশ নিষ্ফলা হয়ে পড়েছিল। রাজা ভিনার পুত্র পৃথু এই পৃথিবীকে দেবতাজ্ঞানে পুজো করতেন। পৃথিবী তখন গাভীর রূপ ধারণ করে অনর্গল দুগ্ধদানে রাজ্যকে আবার সুজলা সুফলা শস্যশ্যামলা করে তোলেন। সমগ্র মহারাষ্ট্রবাসী তাই কৃষ্ণপক্ষের দ্বাদশীর দিনটিতে গো-মাতার পুজো করেন।

পঞ্জাবে দীপাবলী পালিত হয় গুরু গোবিন্দ সিংহের মুক্তির দিনটিকে স্মরণ করে। এক সময় মুঘল বাহশাহ আওরঙ্গজেবের কারাগারে বন্দি ছিলেন শিখদের গুরু গোবিন্দ সিংহ। যেদিন তিনি কারাগার থেকে মুক্তি পান, সেদিন রাজ্যের জনগণ প্রদীপ জ্বালিয়ে উৎসব পালন করেন। সেই থেকে পঞ্জাবে গুরু গোবিন্দ সিংহের মুক্তির দিনে জাঁকজমক সহকারে দীপাবলী পালিত হয়ে আসছে। জৈন ধর্মাম্বলম্বীরা মনে করেন, মহাবীরের মৃত্যুতে জ্ঞানের যে উজ্জ্বল শিখা নিভে গেছে তার অভাব মেটাতেই প্রদীপ জ্বালিয়ে একদিন উৎসব করা দরকার। তাই জৈনরা মহাবীরের মৃত্যুর দিনটিকে স্মরণ করে দীপাপলী উৎসব পালন করেন। উত্তর ও পশ্চিম ভারতের বিস্তীর্ণ অঞ্চলে দীপাবলী থেকে শুরু হয় নতুন বছর। কারণ এই দিনটি ছিল রাজা বিক্রমাদিত্যের জন্মদিন এবং বিক্রমাব্দের শুরু। এইভাবে এই অঞ্চলে নববর্ষের সাথে জড়িয়ে আছে আলোর উৎসব দীপাবলী। উত্তরপ্রদেশের প্রচুর মানুষ শ্রীরামচন্দ্রের জন্মদিন উপলক্ষ্যে দীপাবলী পালন করেন। কোথাও কোথাও রাম রাবণের যুদ্ধে রামের জয়ের কথা মনে রেখে দীপাবলী পালিত হয়। আবার কোথাও চোদ্দো বছর বনবাসের পরে শ্রীরামচন্দ্রের দেশে ফেরার ঘটনাকে স্মরণ করে দীপাবলী উৎসব উদযাপন করা হয়। দক্ষিণ ভারতে, বিশেষ করে কেরল আর তামিলনাড়ুতে মানা হয়-এই দিন বিষ্ণুর হাতে নরকাসুর মারা গিয়েছিল। সেই আনন্দেই গোটা রাজ্যে এক সময় আলোর উৎসব শুরু হয়েছিল। সেই প্রাচীন উৎসব আজও এখানে সমানভাবে চালু রয়েছে। এইভাবে দক্ষিণ ভারতে দীপাবলীর সঙ্গে জড়িয়ে আছে নরকাসুর বধের গল্প। ভারতের বহু স্থানে দীপাবলীর দিন লক্ষ্মী পূজা করা হয়। রাজস্থানে এই দিন গেরস্থের বিড়ালদের খুব যত্ন-আত্তি করা হয়। কারণ তাঁদের বিশ্বাস, বিড়াল হল লক্ষ্মীর অঙ্গ। দীপাবলীর দিন গুজরাতে দাবা খেলার জোর আসর বসে। তাদের বিশ্বাস, এইদিন দাবায় জিতে পারলে সারা বছর লক্ষ্মী প্রসন্ন থাকবেন। আমাদের প্রতিবেশী দেশ নেপালেও দীপাবলী উৎসব পালন করা হয়। সেখানে দীপাবলী হল বন্ধুত্বের অনুষ্ঠান। বন্ধুত্ব শুধু মানুষের সঙ্গেই নয়, বন্ধুত্ব প্রাণীদের সাথেও এদেশে এই উৎসব চলে পাঁচদিন ধরে। প্রথম দিন এরা পুজো করে কাকের। দ্বিতীয় আর তৃতীয়দিন যথাক্রমে কুকুর আর গরুর পুজো করা হয়। সঙ্গে চতুর্থ দিন হয় বাকি সব প্রাণীর সাথে বন্ধুত্ব। আর শেষ দিনে সেখানকার মানুষেরা একে-অপরের হাতে রাখী পরিয়ে মৈত্রীর বন্ধনে আরও দৃঢ় করেন।

আমাদের দেশ থেকে হাজার হাজার মাইল দূরে চীন আর জাপানেও দীপাবলী পালিত হয়। চীনে দীপাবলীর প্রস্তুতি চলে কয়েক সপ্তাহ ধরে। সে দেশের মানুষ ওইদিন তাঁদের পূর্বপুরুষ ও দেবতাদের উদ্দেশ্যে পূজা দেন। অশুভ আত্মারা যাতে বাড়িতে প্রবেশ করতে না পারে এজন্য তাঁরা ওইদিন লাল রঙের মানুষ বানিয়ে বাড়ির সামনে দাঁড় করিয়ে দেন। জাপানে এই উৎসব চলে তিনদিন। এই তিনদিন তাঁরা ঘর-বাড়ি ঝাঁট দেন না। তাঁদের বিশ্বাস, এই দিনগুলোয় ঘর ঝাঁট দিলে লক্ষী বিদায় নেবেন। একই সঙ্গে তারা মানেন যে, এই তিনদিন পূর্বপুরুষদের আত্মা বাড়িতে অতিথি হয়ে আসে।

শ্রীলঙ্কার সদস্যপদ স্থগিত করল আইসিসি

নিজস্ব প্রতিনিধি: রাজনৈতিক হস্তক্ষেপের অভিযোগে শ্রীলঙ্কার সদস্যপদ স্থগিত করেছে আইসিসি। দেশটির ক্রিকেট বোর্ডে দুর্নীতির অভিযোগ এবং সে জন্য রাজনৈতিক ব্যক্তিবর্গের হস্তক্ষেপ নিয়ে গত কিছুদিন ধরেই আলোচনা চলছিল। আইসিসির বিজ্ঞপ্তিতে জানানো হয়, তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসেবে শ্রীলঙ্কার সদস্যপদ স্থগিত করা হয়েছে। ১৯৮১ সালে আইসিসির পূর্ণ সদস্যপদ পেয়েছিল দেশটি।

আইসিসির বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘আইসিসি বোর্ড সভায় বসে সিদ্ধান্ত নিয়েছে শ্রীলঙ্কা ক্রিকেট সদস্য হিসেবে গুরুত্বপূর্ণ বিধিনিষেধ লঙ্ঘন করেছে। বিশেষ করে,স্বাধীনভাবে কাজ করতে ক্রিকেট প্রশাসনকে সরকারি হস্তক্ষেপের বাইরে থাকার প্রয়োজন ছিল। সময়মতো এই স্থগিতাদেশের শর্তগুলো জানিয়ে দেবে আইসিসি বোর্ড।’

গতকালই বিশ্বকাপে শেষ ম্যাচটি খেলেছে শ্রীলঙ্কা। এ মুহূর্তে পয়েন্ট তালিকার নয়ে আছে তারা। শ্রীলঙ্কার ক্রিকেট বোর্ডকে (এসএলসি) এর আগে বরখাস্ত করেছিল দেশটির ক্রীড়া মন্ত্রণালয়। এরপর শ্রীলঙ্কাকে ১৯৯৬ বিশ্বকাপ জেতানো সাবেক অধিনায়ক অর্জুনা রানাতুঙ্গাকে চেয়ারম্যান করে বোর্ডে অর্ন্তবর্তীকালিন কমিটিও গঠন করা হয়। কিন্তু শ্রীলঙ্কার আপিল আদালত অন্তর্বর্তীকালিন কমিটির কার্যক্রম দুই সপ্তাহের জন্য স্থগিত ঘোষণা করেন।

শ্রীলঙ্কার ক্রীড়ামন্ত্রী রোশান রানাসিংহে দেশটির ক্রিকেট বোর্ডকে বরখাস্ত করে রানাতুঙ্গার নেতৃত্বে অন্তর্বর্তীকালিন কমিটি অনুমোদন করেন। একদিন পরই শ্রীলঙ্কার আদালত সে কমিটির কার্যক্রম দুই সপ্তাহের জন্য স্থগিত করেন। এরপর শ্রীলঙ্কার আইনসভাতেও এসএলসির বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। এমনিতে ১৯৭৩ সালে জাতীয় ক্রীড়া আইন অনুযায়ী, শ্রীলঙ্কার সব জাতীয় দল চূড়ান্ত অনুমোদনে ভূমিকা রাখেন দেশটির ক্রীড়ামন্ত্রী।

ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, বোর্ডে সরকার নিযুক্ত অন্তর্বর্তীকালিন কমিটি ক্ষমতায় থাকলেও আইসিসি এর আগে এত দ্রুত সদস্যপদ স্থগিত করেনি। এর আগে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডে ২০১৪ থেকে ২০১৫ পর্যন্ত অন্তর্বর্তীকালিন কমিটি কাজ করেছে, তখন আইসিসি অর্থ দিয়েছে শর্তের ভিত্তিতে। তখন অবশ্য বোর্ড মিটিংয়ে এসএলসিকে পর্যবেক্ষক স্তরে নামিয়ে দিয়েছিল আইসিসি। কিন্তু আনুষ্ঠানিকভাবে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড তখনো আইসিসির সদস্য ছিল।

আহমেদাবাদে আগামী ১৮,২১ নভেম্বর আইসিসির ত্রৈমাসিক অধিবেশন অনুষ্ঠিত হবে। তবে এর আগে আজ শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডের পরিস্থিতি নিয়ে অনলাইনে আলোচনা করেছে আইসিসি বোর্ড। এসএলসির সব জায়গায় শ্রীলঙ্কা সরকারের হস্তক্ষেপ নিয়ে উদ্বিগ্ন আইসিসি। বোর্ড পরিচালনা থেকে আর্থিক বিষয়াদি এমনকি জাতীয় দলের বিভিন্ন বিষয়েও শ্রীলঙ্কা সরকারের হস্তক্ষেপ নিয়ে উদ্বিগ্ন ক্রিকেটের নিয়ন্ত্রক এই সংস্থা।

ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডকে নিজেদের এই সিদ্ধান্ত জানিয়েছে আইসিসি এবং আগামী ২১ নভেম্বর আইসিসির বোর্ড মিটিংয়ে পরবর্তী পদক্ষেপ জানানো হবে।

সেমিতে খেলতে হতে পারে নিউ জিল্যান্ডকে, উত্তেজিত কিউই পেসার

নিজস্ব প্রতিনিধি: এ বারের বিশ্বকাপে ইংল্যান্ডকে হারিয়ে শুরু করেছিল নিউ জলিন্ড্যান্ড। সেই জয়ের ধারা মাঝপথে ধাক্কা খায়। তাতে যদিও সেমিফাইনালের দৌড় থেকে ছিটকে যেতে হয়নি। এখনও লড়াইয়ে আছেন কেন উইলিয়ামসনেরা। সেমিফাইনালে উঠলে খেলতে হবে ভারতের বিরুদ্ধে। ট্রেন্ট বোল্ট ভারতের বিরুদ্ধে খেলার জন্য উত্তেজিত।

গত বারের বিশ্বকাপে ভারতকে হারিয়েছিল নিউ জলিন্ড্যান্ড। এ বারে এখনও পর্যন্ত ভারত অপরাজিত। বোল্ট ভারতকে হারানোর জন্য মুখিয়ে রয়েছেন।

তিনি বলেন, তসবাই চাইছে আয়োজক দলকে হারাতে। খুব ভাল ক্রিকেট খেলছে ভারত। ভাল লড়াই হবে সেমিফাইনালে। নতুন বলে শুরুর দিকে উইকেট নেওয়ার চেষ্টা করব। জয়ী দল হিসাবে শেষ করতে চাইব। বল হাতে আমরা ভাল সাফল্য পাচ্ছি।দ

ভারতের বিরুদ্ধে মুম্বইয়ে খেলতে হতে পারে নিউ জলিন্ড্যান্ডকে। এখনও নিশ্চিত না হলেও কিউইদের সেমিফাইনালে ওঠার সুযোগ বেশি। বোল্ট বলেন, তআমি খুবই উত্তেজিত। ভারতের বিরুদ্ধে খেলা মানে দর্শকও আমাদের বিপক্ষে থাকবে। এই চ্যালেঞ্জটা নিয়ে খেলতে পারাই আনন্দের।দ

ভারতে পেসারদের বল করা কঠিন বলেও মনে করেন অভিজ্ঞ বোল্ট। তিনি বলেন, ত৫০ ওভারের খেলা মানেই কঠিন ম্যাচ। আর ভারতে পেস বল করা আরও কঠিন। নিজের অভিজ্ঞতা কাজে লাগানোর চেষ্টা করেছি। ভারতে এর আগে খেলার অভিজ্ঞতা আছে আমার। সেটা সাহায্য করেছে। ভারতে খেলতে গেলে পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে হয়। সেই চেষ্টা করেছি।

ব্যাটিংয়ে দুর্দান্ত, গ্লাভস হাতেও রেকর্ড ডি ককের

নিজস্ব প্রতিনিধি: বিশ্বকাপে ব্যাট হাতে দুর্দান্ত সময় কাটছে কুইন্টন ডি ককের। আফগানিস্তানের বিপক্ষে আজ ৪৭ বলে ৪১ রান করে আউট হওয়ার পথে হয়েছেন এবারের বিশ্বকাপের সর্বোচ্চ রান সংগ্রাহক। ৯ ম্যাচে তাঁর রান ৫৯১। তার আগে দক্ষিণ আফ্রিকার ফিল্ডিংয়ের সময় উইকেটের পেছনে গ্লাভস হাতে দারুণ এক কীর্তি গড়েছেন ডি কক।

আগে ব্যাট করে ২৪৪ রানে অলআউট হয় আফগানিস্তান। ৬টি ডিসমিসাল করেন উইকেটকিপার ডি কক। সব কটিই ক্যাচ। এর মধ্য দিয়ে বিশ্বকাপে এক ম্যাচে উইকেটকিপার হিসেবে সর্বোচ্চ ডিসমিসালের রেকর্ডে ভাগ বসালেন তিনি।

এর আগে ২০০৩ বিশ্বকাপে নামিবিয়ার বিপক্ষে ম্যাচে ৬টি ডিসমিসালের রেকর্ড ছিল অস্ট্রেলিয়ার কিংবদন্তি উইকেটকিপার অ্যাডাম গিলক্রিস্টের। ২০১৫ বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ম্যাচেও ৬টি ডিসমিসাল ছিল পাকিস্তানের সরফরাজ আহমেদের। তাঁদের সেই কীর্তিতে ভাগ বসিয়েছেন ডি কক।

ওয়ানডেতেও এক ম্যাচে সর্বোচ্চ ডিসমিসালের রেকর্ড ৬টি। গিলক্রিস্ট একাই ছয়বার এই কীর্তি গড়েছেন। ২০১৪ সালে বে ওভালে নিউজিল্যান্ডের বিপক্ষে ডি ককও এক ম্যাচে ৬টি ডিসমিসাল করেছিলেন। এ ছাড়া অ্যালেক স্টুয়ার্ট, মার্ক বাউচার, মহেন্দ্র সিং ধোনি, জস বাটলার ও ম্যাট প্রায়ররা এক ম্যাচে ৬টি ডিসমিসাল করেছেন।

এবার বিশ্বকাপ দিয়েই ওয়ানডে ক্যারিয়ারের ইতি টানবেন ৩০ বছর বয়সী ডি কিক। তার আগে বিশ্বকাপে মনে রাখার মতো পারফরম্যান্সই উপহার দিচ্ছেন তিনি। ৯ ইনিংসে পেয়েছেন ৪টি শতক, ব্যাটিং গড় ৬৫.৬৬। স্ট্রাইক রেট ১০৯.২৪। আগেই সেমিফাইনাল নিশ্চিত করা দক্ষিণ আফ্রিকা আজ প্রথম পর্বে নিজেদের শেষ ম্যাচ খেলছে।

বিশ্বকাপে এক টুর্নামেন্টে সর্বোচ্চ রানের রেকর্ড শচীন টেন্ডুলকারের। ২০০৩ বিশ্বকাপে ১১ ম্যাচে ৬৭৩ রান করেছিলেন টেন্ডুলকার। ভারতীয় কিংবদন্তির রেকর্ড ভাঙতে আর ৮২ রান চাই ডি ককের। সে জন্য অন্তত আরও একটি ম্যাচ পাবেন তিনি।

‘অসম্ভব’কে সম্ভব করার স্বপ্ন দেখছে পাকিস্তান, ইডেনে শনিবার বাবরের বাজি এক সতীর্থ

নিজস্ব প্রতিনিধি: সেমিফাইনালে ওঠার জন্যে যদি কোনও দলকে অন্তত ২৮৭ রানে জেতার লক্ষ্য দেওয়া হয়, তা হলে তাঁকে অসম্ভব ছাড়া আর কী-ই বা বলা যায়? বিশেষত যদি প্রতিপক্ষের নাম হয় ইংল্যান্ড। শনিবার ইডেন গার্ডেন্সে ইংরেজদের বিরুদ্ধে নামার আগে পাকিস্তানের সামনে লক্ষ্য এটাই। কিন্তু ক্রিকেট মহান অনিশ্চয়তার খেলা বলেই অধিনায়ক বাবর আজম এখনও আশা হারাচ্ছেন না। বাজি রাখছেন এক সতীর্থের উপর। তাঁর মতে, এখনও পাকিস্তানের সেমিফাইনালে ওঠা সম্ভব।

অবাক করা ব্যাপার হল, গত বারের বিশ্বকাপেও পাকিস্তানকে এমন সমীকরণের সামনে পড়তে হয়েছিল। ২০১৯ সালে শেষ ম্যাচে বাংলাদেশকে ৩১৬ রানে হারাতে হত। জেতা তো দূর, পাকিস্তান অত রান তুলতেই পারেনি। ৩১৫-৯ তোলে তারা। ৯৪ রানে জিতলেও কোনও লাভ হয়নি। এ বার কী হবে?

শুক্রবার দুপুরে ইডেনে বসে বাবরের উত্তর, তআমরা বিশ্বাস করি এটা করতে পারি। নিজেদের পরিকল্পনা কাজে লাগানোর চেষ্টা করব। মাঠে গিয়েই ধুমধাড়াক্কা চালালে হবে না। কী ভাবে প্রথম ১০ ওভার, তার পরের ২০ ওভার খেলব সেই পরিকল্পনা করতে হবে। জুটি গড়া, কাদের ক্রিজে থাকতে হবে সে সবও ছকে নিতে হবে আগে।দ

এক সতীর্থের উপরে বাজি ধরেছেন বাবর। তিনি ফখর জমান। ইডেনে বাংলাদেশের বিরুদ্ধে যিনি ৮৭ রানের ইনিংস খেলেছেন। আগের ম্যাচে নিউ জলিন্ড্যান্ডের বিরুদ্ধে ঝোড়ো ইনিংস খেলে ৮১ বলে অপরাজিত ১২৬ রানই শুধু করেননি, দলকে ডিএলএস নিয়মে জিতিয়ে দিয়েছেন। তাঁকে নিয়ে বাবর বলেছেন, তযদি ফখর ২০-৩০ ওভার ব্যাট করে দিতে পারে তা হলে বড় রান তুলতেই পারি। এর পর (মহম্মদ) রিজওয়ান এবং ইফতিকার আহমেদ রয়েছে। আমরা চেষ্টা করলেই পারি। সে রকমই পরিকল্পনা হয়েছে।দ

শনিবার পাকিস্তানকে আগে ব্যাট করতেই হবে। কারণ রান রেট উন্নতি করার ক্ষেত্রে রানের ব্যবধানে জয়ই বেশি কাজে লাগে। বাবর এত হিসাব-নিকাশ মাথায় রাখছেন না। বলেছেন, তএখনও একটা ম্যাচ বাকি। আগে থেকে কিছুই বলতে পারেন না। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে হারের মূল্য চোকাতে হয়েছে আমাদের। সেই ম্যাচ জেতা উচিত ছিল। তার জন্যেই এই জায়গায়।

ম্যাক্সওয়েল সেদিন নিশ্বাসই নিতে পারছিলেন না

নিজস্ব প্রতিনিধি: এখনো কাটেনি গ্লেন ম্যাক্সওয়েলের সেই ইনিংসের ঘোর। মঙ্গলবার মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে আফগানিস্তানের বিপক্ষে যে অবিশ্বাস্য ইনিংসটি এই অস্ট্রেলিয়ান অলরাউন্ডার খেলেছেন, সেই ঘোর থেকে বেরিয়ে আসাও খুব সহজ নয়। কারণ, সেদিন যাঁরা ম্যাক্সওয়েলের ইনিংসটি সরাসরি দেখেছেন, তাঁরা চোখের সামনে এমন কিছু দেখেন, যেটি আসলে নিজের সবটুকু আবেগকে এক করেও সঠিকভাবে বর্ণনা করা সম্ভব নয়। দুই পায়ে আর পিঠের মাংসপেশিতে চোট নিয়ে যেখানে ম্যাক্সওয়েল ঠিকমতো দাঁড়াতেই পারছিলেন না, সেই অবস্থায় অপরাজিত ২০১ রানের ইনিংস অনেকটা রূপকথার রাজকুমারের রাজ্য জয়ের মতোই ব্যাপার।

সেদিন কতটুকু ব্যথা নিয়ে অপরাজিত ২০১ রানের ইনিংসটি খেলেছিলেন, ম্যাক্সওয়েল আগেই তা জানিয়েছেন। তিনি বলেছিলেন, একপর্যায়ে ব্যথা সহ্য করতে না পেরে তিনি মাঠ থেকে উঠেও যেতে চেয়েছিলেন। কিন্তু পরক্ষণেই সেই চিন্তা বাদ দিয়ে খেলেছেন, খেলে গেছেন শেষ পর্যন্ত। ব্যথা-জর্জর শরীর নিয়ে লড়ে গেছেন দেশের জন্য। ক্রিকেটীয় রূপকথায় যে ইনিংসটি পাচ্ছে অন্যতম মর্যাদারই আসন। এটা যেন বিশ্বকাপের ইতিহাসকেই মহিমান্বিত করে তোলা এক ইনিংস।

কিন্তু ইনিংসটি খেলার পথে কতটা সংগ্রাম করতে হয়েছে, সেটা তিনি পরে জানিয়েছেন স্ত্রী ভিনি রমনকে। স্ত্রীকে বলেছেন, জীবনে যত চোট তাঁকে কাবু করেছে, যত ব্যথা তিনি শরীরে অনুভব করেছেন, এর মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ ব্যথাকে সঙ্গী করেই মুম্বাইয়ে আফগানিস্তানের বিপক্ষে সেই ইনিংসটি খেলেছেন। আফগানদের ২৯১ রান তাড়া করতে নেমে অস্ট্রেলিয়া যখন একপর্যায়ে ৯১/৭, তখন ম্যাক্সওয়েলের ঝড়ই অস্ট্রেলিয়াকে এনে দিয়েছে দারুণ এক জয়। তুলে দিয়েছে সেমিফাইনালে।

‘নো বল’ নামের একটি অস্ট্রেলিয়ান পডকাস্টে ম্যাক্সওয়েল জানিয়েছেন, চোট এমন পর্যায়ে পৌঁছেছিল সেদিন, তিনি ঠিকমতো নিশ্বাসই নিতে পারছিলেন না, ‘আমি মোটেও নিশ্বাস নিতে পারছিলাম না। ব্যথা এমন পর্যায়ে পৌঁছে গিয়েছিল। আমি হয়তো অজ্ঞানই হয়ে যেতাম। সেদিন আমার জীবনের দ্বিতীয় মারাত্মক ব্যথা আমাকে কাবু করে ফেলেছিল। জীবনে সবচেয়ে বড় ব্যথা শরীরে নিয়েছি গত বছর। আমার পা ভাঙার সেই ব্যথাই সবচেয়ে বেশি আমাকে ভুগিয়েছে। এরপর সেদিন মুম্বাইয়ের সেই চোট। ফিজিও মাঠে ঢুকে আমাকে ঠিকমতো নিশ্বাস নিতে সাহায্য করছিলেন।’

ম্যাক্সওয়েল কিংবা ফিজিও, কেউ নাকি বুঝতে পারছিলেন না কী করা উচিত, ‘আমি বেশ ভয় পেয়ে গিয়েছিলাম। ক্ষণিকের জন্য হলেও আমি বা ফিজিও কেউই বুঝতে পারছিলাম না, আমাদের কী করণীয়! আমার শরীর কাঁপছিল। সারা শরীর ছিল ব্যথায় জর্জরিত।’

নিজের কাছেও ইনিংসটিকে অবিশ্বাস্য মনে হচ্ছে ম্যাক্সওয়েলের, ‘শরীরের একেকটা অংশ একেক সময় ব্যথা করছিল। প্রথমে ডান পায়ের বুড়ো আঙুলের পেশিতে টান লাগে। এরপর ডান পায়ে সেই ব্যথা ছড়িয়ে পড়ে। ভয়ংকর সেই ব্যথা। এরপর আমি ঠিকমতো ব্যাটিংয়ের জন্য দাঁড়াতেই পারছিলাম না। দৌড়ে রান নেওয়ার কোনো উপায়ই ছিল না। সেদিনের ইনিংসটা সত্যিই অবিশ্বাস্য। আমি সাধারণত ৪০ থেকে ৫০ বলই খেলি প্রতি ম্যাচে।’

তাসকিনদের বিদায় বললেন ডোনাল্ড, ফিরবেন না ঢাকায়

নিজস্ব প্রতিনিধি: বিসিবির সঙ্গে পেস বোলিং কোচ অ্যালান ডোনাল্ডের চুক্তি এ মাসেই শেষ হওয়ার কথা। কিন্তু তার আগেই বিসিবির দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন দক্ষিণ আফ্রিকার এই কিংবদন্তি ক্রিকেটার।

গতকাল পুনেতে জাতীয় দলের টিম মিটিংয়ে ক্রিকেটারদের নিজের সিদ্ধান্তের কথা জানান ডোনাল্ড। তিনি দলের সঙ্গে ঢাকা না ফিরে রোববার সকালে মুম্বাই থেকে সরাসরি দক্ষিণ আফ্রিকা ফিরে যাবেন। দলের এক সূত্র প্রথম আলোকে বিষয়টি নিশ্চিত করেছে।

চাকরি ছাড়ার আগে ক্রিকেট ওয়েবসাইট ক্রিকব্লগ ডটনেটকে দেওয়া এক সাক্ষাৎকারে শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশের সর্বশেষ ম্যাচে অ্যাঞ্জেলো ম্যাথুসের বিপক্ষে সাকিব আল হাসানের টাইমড আউটের আবেদনের সমালোচনা করেন তিনি। সেখানে ডোনাল্ড বলেছেন, ‘আমি ক্রিকেট মাঠে এমন কিছু দেখতে চাই না।’

টিম ম্যানেজমেন্টের সদস্য হয়েও দলের এমন সমালোচনা করায় বিসিবি ডোনাল্ডকে লিখিতভাবে তাদের অসন্তোষের কথা জানিয়েছে। এই ঘটনার একদিন পরেই বিসিবির চাকরি ছাড়ার ঘোষণা দিলেন ডোনাল্ড।

বাংলাদেশ দলের দায়িত্ব ছাড়ার ঘোষণা দিয়েছেন অ্যানালিস্ট শ্রীনিবাস চন্দ্রশেখরনও। ২০১৮ সালে বাংলাদেশ দলের দায়িত্ব নেওয়া এই ভারতীয় নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টের মাধ্যমে দায়িত্ব ছাড়ার কথা জানান। জানা গেছে, বিসিবির পক্ষ থেকে শ্রীনিবাসকে চুক্তি নবায়নের প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু তিনি ভ্রমণক্লান্তি ও পারিবারিক কারণে জাতীয় দলের কাজ করতে চাচ্ছেন না। তবে আগামী বিপিএলে রংপুর রাইডার্সের হয়ে কাজ করবেন তিনি।

এ মাসেই চুক্তি শেষ হবে বাংলাদেশ দলের কোচিং স্টাফের আরও তিন সদস্যের। স্পিন বোলিং কোচ রঙ্গনা হেরাথ, ফিল্ডিং কোচ শেন ম্যাকডরমট ও ট্রেনার নিক লি’র চুক্তি ৩০ নভেম্বর পর্যন্ত। তাদের সঙ্গে নতুন করে চুক্তি নবায়ন হবে কি না, তা এখনো নিশ্চিত নয়।

EKDIN VOL. 19, ISSUE NO. 149, KOLKATA, SATURDAY, 11 NOVEMBER 2023, PAGE 12
কলকাতা ১১ নভেম্বর ২০২৩

জয়ী সাউথ আফ্রিকা

নিজস্ব প্রতিনিধি: অস্ট্রেলিয়ার পর দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধেও হার। গ্লেন ম্যাক্সওয়েলের পর এবার ব্যাট হাতে লড়াই করলেন রাসি ভ্যান ডার ডুসেন। ফলে জোড়া হারের ধাক্কা হজম করে চলতি বিশ্বকাপ থেকে বিদায় নিল আফগানিস্তান। তবে নকআউটে কোফালিফাই করতে না পারলেও, বাইশ গজের যুদ্ধে আফগানরা লড়াকু মানসিকতা এবং টিম স্পিরিট দেখিয়ে ক্রিকেট দুনিয়ার মন জিতে নিলেন। ইংল্যান্ড, পাকিস্তান, শ্রীলঙ্কার মতো বিশ্বকাপ জয়ী দলকে হারানোর সঙ্গে নেদারল্যান্ডসকে উড়িয়ে আফগানিস্তান বিশ্ব ক্রিকেটে একটা স্টেটমেন্ট দিয়ে গেল।

আইসিসির মাসসেরা রাচিন রবীন্দ্র

নিজস্ব প্রতিনিধি: দারুণ একটা বিশ্বকাপ কাটছে রাচিন রবীন্দ্রর। নিউজিল্যান্ডের এই অলরাউন্ডার বিশ্বকাপে এখন পর্যন্ত খেলা ৯ ইনিংসে ৩টি শতক ও ২টি অর্ধশতকসহ ৭০.৬২ গড়ে করেছেন ৫৬৫ রান। এখন পর্যন্ত টুর্নামেন্টের সর্বোচ্চ রানসংগ্রাহকও তিনিই।

রবীন্দ্র বিশ্বকাপে তাঁর ৩টি শতকের দুটিই করেছেন অক্টোবর মাসে, অধর্শতক ২টিও অক্টোবরেই। একই সঙ্গে অক্টোবর মাসে বিশ্বকাপে ৩টি উইকেটও নিয়েছেন কিউই অলরাউন্ডার। মাসজুড়ে দুর্দান্ত এই পারফরম্যান্সের পুরস্কারও পেলেন রবীন্দ্র। আইসিসির অক্টোবর মাসের সেরা খেলোয়াড় হয়েছেন তিনি। মাসের সেরা পুরুষ ক্রিকেটার হওয়ার পথে এই অলরাউন্ডার হারিয়েছেন কুইন্টন ডি কক ও যসপ্রীত বুমরাকে।

২৩ বছর বয়সী রবীন্দ্র বিশ্বকাপের আগে নিউজিল্যান্ডের হয়ে খেলেছেন মাত্র ১২টি ওয়ানডে। কিন্তু বিশ্বকাপের প্রথম ম্যাচ থেকেই দারুণ ছন্দে ছিলেন তিনি। প্রথম ম্যাচে খেলেছেন অপরাজিত ১২৩ রানের অসাধারণ এক ইনিংস। আহমেদাবাদে তাঁর এই ইনিংসে ভর করেই ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপে দারুণ শুরু করে নিউজিল্যান্ড। এ ছাড়া নেদারল্যান্ডস ও ভারতের বিপক্ষে করেন অর্ধশতকের পর অস্ট্রেলিয়ার বিপক্ষে পেয়েছেন শতক। ৮৯ বলে খেলেছেন ১১৬ রানের ইনিংস। সব মিলিয়ে অক্টোবর মাসে ৬ ইনিংস খেলে রবীন্দ্র ৮১.২০ গড়ে করেছেন ৪০৬ রান।

অক্টোবরের মাসসেরা নারী ক্রিকেটার হয়েছেন ওয়েস্ট ইন্ডিজের হেইলি ম্যাথুস।

টাইমড আউট বিতর্ক সাকিব, ম্যাথুস দুই পক্ষেই অশ্বিন



নিজস্ব প্রতিনিধি: আন্তর্জাতিক ক্রিকেট ইতিহাসে প্রথম ব্যাটসম্যান হিসেবে 'টাইমড আউট' হয়েছেন অ্যাঞ্জেলো ম্যাথুস। এ নিয়ে আলোচনা চলছে এখনো। কেউ এর পক্ষে আবার কেউ এর বিপক্ষে। মানকাডিং আউট নিয়ে সরব ভারতের স্পিনার রবিচন্দ্রন অশ্বিন দুজনেরই পক্ষে। ম্যাথুসকে যিনি আউট করেছেন, সেই সাকিবেরও কোনো দোষ দেখছেন না অশ্বিন। নিজের ইউটিউব চ্যানেলে অশ্বিন এই বিষয়ে মতামত দিয়েছেন।

ঘটনাটি ঘটে ৬ নভেম্বর। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে বাংলাদেশের বিপক্ষে সেই ম্যাচে ম্যাথুস নতুন ব্যাটসম্যান হিসেবে ক্রিজে আসার পর নির্ধারিত সময়ের মধ্যে প্রথম বল খেলার জন্য প্রস্তুত হতে পারেননি। সুযোগ পেয়ে আম্পায়ারদের কাছে আউটের আবেদন জানিয়ে সেটারই সদ্ব্যবহার করেন বাংলাদেশ অধিনায়ক সাকিব।

ম্যাথুসের 'টাইমড আউট' ঘিরে মাঠে যেমন উত্তেজনা ছড়িয়ে পড়ে, মাঠের বাইরেও তৈরি হয় বিতর্ক। শ্রীলঙ্কার ইনিংস শেষে চতুর্থ আম্পায়ার আদ্রিয়ান হোল্ডস্টক এর ব্যাখ্যা দিলেও বিতর্কের রেশ থামেনি।

ভারতের বিশ্বকাপ দলের সদস্য অশ্বিন এই প্রসঙ্গে বলেছেন, 'একটা পক্ষ নিয়মের কথা বলছে আর অন্য পক্ষ ক্রিকেটীয় চেতনার কথা বলছে। যখন ম্যাথুস ব্যাট করতে আসে, তার হেলমেট ঠিক ছিল না, সে সেটা পরিবর্তন করতে চেয়েছিল। অন্য একটা ভিডিও দেখলাম শ্রীলঙ্কার বিপক্ষেই সাকিব মাঠে তার গার্ড

নিয়ে আসতে ভুলে গিয়েছিল, তাকে সেটা নিয়ে আসার অনুমতি দেওয়া হয়েছিল। দুই দেশের মধ্যে একটা যুদ্ধ যুদ্ধ ভাব তৈরি হয়েছিল।'

এই ঘটনার পরদিন ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফো জানায়, ব্যাট করতে ক্রিজে আসার পর ম্যাথুস জানতেন, তিনি টাইমড আউট হওয়ার ঝুঁকিতে আছেন। অশ্বিনও তাঁর কথায় সেই প্রসঙ্গে এনেছেন, 'হ্যাঁ, সাকিব আবেদন করেছে আর আম্পায়ার আউট দিয়েছে। সম্প্রতি আরেকটা তথ্য পেলাম, ম্যাথুসকে আগে থেকেই নাকি টাইমড আউটের বিষয়ে সতর্ক করা হয়েছিল। কিন্তু ম্যাথুস আউট হওয়ার পর খুবই হতাশ হয়ে পড়ে, যেটা ঠিক আছে। কারোরই এভাবে আউট হওয়া উচিত নয়। এভাবে আউট হলে সবারই মন খারাপ হবে।'

অশ্বিন যোগ করেন, 'সাকিব আর ম্যাথুস দুজনই সঠিক। একজন নিয়ম জানত, আরেকজন চেয়েছে যেহেতু এটা হেলমেটের সমস্যা, তাই এটাকে হিসাবের বাইরে রাখা যায় কি না। যে আউট হয়েছে, ঘটনার প্রভাবটা তার ওপরই পড়েছে।'

বিশ্বকাপে কে কোথায় দাঁড়িয়ে?

দল	ম্যাচ	জয়	হার	পয়েন্ট
ভারত	৮	৮	০	১৬
দঃ আফ্রিকা	৯	৭	২	১৪
অস্ট্রেলিয়া	৮	৬	২	১২
নিউ জিল্যান্ড	৯	৫	৪	১০
পাকিস্তান	৮	৪	৪	৮
আফগানিস্তান	৯	৪	৫	৮
ইংল্যান্ড	৮	২	৬	৪
বাংলাদেশ	৮	২	৬	৪
শ্রীলঙ্কা	৯	২	৭	৪
নেদারল্যান্ডস	৮	২	৬	৪

তুলুজের কাছে হেরে ক্ষুব্ধ ক্লপ

নিজস্ব প্রতিনিধি: ইউরোপা লিগে ফরাসি ক্লাব তুলুজের কাছে ৩-২ গোলে হারল লিভারপুল। 'ই' গ্রুপের এ ম্যাচের ফলটা অন্যরকম হলেও হতে পারত, যদি যোগ করা সময়ের শেষ মিনিটে জারেল কুয়ানশাহর গোল বাতিল না হতো।

এই গোল বাতিলের সিদ্ধান্তে মোটেই খুশি নন লিভারপুল কোচ ইউর্গেন ক্লপ। ইউরোপা লিগের চলতি মৌসুমে এটি লিভাপুলের প্রথম হার। এই হারের পরও পয়েন্ট তালিকার শীর্ষে তারা।

ঘরের মাঠে ৩৬ মিনিটে তুলুজকে এগিয়ে দেন অ্যারন দোনুম। এরপর ৫৮ মিনিটে ডালিঙ্গা করেন দ্বিতীয় গোল। ৭৪ মিনিটে ক্রিস্তিয়ান কাসেরেসের আত্মঘাতী গোলে ব্যবধান কমায় লিভারপুল। কিন্তু ২ মিনিট পরই ৩,১ গোলে এগিয়ে যায়। ৭৬ মিনিটে গোলটি আসে ফ্রাঙ্ক মাগরির কাছ থেকে। লিভারপুল ব্যবধান কমায় ৮৯ মিনিটে দিয়াগো জোতার গোলে। যোগ করা সময়ের ১০ মিনিটে

কুয়ানশাহ তুলুজের জালে বল পাঠালে আনন্দে মেতে ওঠে লিভারপুলের সমর্থকেরা। তবে গোলটি ভিআরে বাতিল হয়।

গোল বাতিল নিয়ে বেশ ক্ষুব্ধ ক্লপ, 'আমরা তৃতীয় গোলটি করেছি। শতভাগ নিশ্চিত এটা গোল ছিল। আমি নিশ্চিত নই যে বল হাতে লেগেছিল কি না, ব্যাপারটা এমনই।'

তুলুজের সমর্থকদের উদ্‌যাপনের জন্য সাক্ষাৎকার দিতেও সমস্যা হয়েছে ক্লপের। যা নিয়ে খেপেছেন এই জার্মান কোচ, 'আমরা এই সংবাদ সম্মেলনের মতোই বিশৃঙ্খল ছিলাম। এই জায়গাতে সংবাদ সম্মেলন করার পরিকল্পনা কার ছিল?'

২০২৪ আইপিএলে খেলবেন ঋষভ পন্ত, বললেন সৌরভ

নিজস্ব প্রতিনিধি: গত বছরের ডিসেম্বরে ভয়ংকর গাড়ি দুর্ঘটনার শিকার হয়ে মাঠের বাইরে ছিটকে যান ঋষভ পন্ত। এরপর এ বছরের আইপিএলে ছিলেন দর্শক হয়ে। ভারতের হয়ে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের পর খেলতে পারেননি ওয়ানডে বিশ্বকাপেও। সেই পন্ত খেলবেন ২০২৪ সালের আইপিএলে।

২৬ বছর বয়সী পন্তের দ্রুত সুস্থ হয়ে ওঠার খবরটি দিয়েছেন আইপিএলে তাঁর দল দিল্লি ক্যাপিটালসের ক্রিকেট পরিচালক সৌরভ গাঙ্গুলী। গত কয়েক মাসে পন্ত শারীরিক ও মানসিক ধকল অনেকটাই কাটিয়ে উঠেছেন বলে জানিয়েছেন বিসিসিআইয়ের সাবেক প্রধান।

পন্তকে নিয়ে সৌরভ বলেছেন, 'ঋষভ পন্ত এখন ভালো অবস্থায় আছে। সে আগামী মৌসুমে খেলবে। এখনই সে অনুশীলন করবে না। এখানে সে ১১ নভেম্বর পর্যন্ত থাকবে। পন্তের এ বিষয় নিয়ে দলে আলোচনা হয়েছে। সে দলের

অধিনায়ক।'

কলকাতায় দিল্লি ক্যাপিটালসের অনুশীলন চলছে। সেখানে পন্তকে খুব একটা অস্বস্তিতে থাকতে দেখা যায়নি। তা ছাড়া হাঁটুতে কোনো কিছু প্যাঁচানো ছাড়াই হাঁটতে দেখা গেছে তাঁকে। ভারতের পত্রিকা ইন্ডিয়া টুডের খবর অনুযায়ী পন্ত আগামী বছরের শুরুর দিকে প্রতিযোগিতামূলক ক্রিকেটে ফিরবেন।

আগামী বছরের জানুয়ারিতে ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজ খেলবে ভারত। সবকিছু ঠিক থাকলে সেই সিরিজ দিয়েই পন্ত আবার আন্তর্জাতিক ক্রিকেটে ফিরবেন বলে ধারণা করা হচ্ছে।

'সর্বকালের অন্যতম সেরা হিসেবে নিজেকে প্রমাণ করছে কোহলি', মনে করেন ভিভ রিচার্ড

নিজস্ব প্রতিনিধি: আইসিসি ২০২৩ বিশ্বকাপ আমি ভীষণ উপভোগ করছি এবং কিছু পারফরম্যান্স আমার খুব ভালো লেগেছে। সাবেক ব্যাটসম্যান হিসেবে বিশ্বকাপটা দারুণ লাগছে। ভক্তরা এর চেয়ে ভালো কিছু চাইতে পারতেন কি না, আমি ঠিক নিশ্চিত নই। কিছু পিচ রান করার জন্য খুব ভালো এবং আমরা উঁচু মানের কিছু পারফরম্যান্সও দেখেছি। এইডেন মার্করাম, গ্লেন ম্যাক্সওয়েল ও কুইন্টন ডি কক রেকর্ডভাঙা শতক পেয়েছে আর তরুণ রাচিন রবীন্দ্রকে বিশেষ প্রতিভা বলেই মনে হচ্ছে।আসলে প্রতিভাবান খেলোয়াড়ের অভাব নেই। তবে তাদের মধ্যে থেকে সেরা বাছতে বিরাট কোহলিকেও এড়ানোর পথ নেই। আমি অনেক আগে থেকেই বিরাট কোহলির বড় ভক্ত, সর্বকালের অন্যতম সেরাদের কাতারে কেন তাকে শচীনের পাশাপাশি রাখতে হবে, সেটা সে প্রমাণ করে চলছে। বিরাট বিশ্বকাপের আগে বাজে সময়ের মধ্য দিয়েও গিয়েছে এবং তখন কেউ কেউ সাহস দেখিয়ে তার মুণ্ডুপাতও করেছেন। সে সময় তার পাশে যারা ছিলেন এবং ড্রেসিংরুমকেও ধন্যবাদ দিতে হয়।

তার ফর্ম নিয়ে অনেক কথাই হয়েছে কিন্তু এখন সে নিজের সেরা খেলায় ফিরে এসেছে। বাজে সময় কাটিয়ে কারও সেরা ফর্মে ফিরতে দেখাটা দুর্দান্ত ব্যাপার। সবাই বলে, ফর্ম ক্ষণস্থায়ী;সে প্রমাণ করেছে মানটা চিরস্থায়ী। তার জন্য আমার খুব ভালো লাগছে। তাকে খুব মনোযোগী লাগছে এবং ক্রিকেটের জন্য সে সম্পদ। মানসিক শক্তির জায়গায় বিরাট বাকিদের চেয়ে আলাদা। তার সঙ্গে কথা বলার সময়ও এটা বুঝেছি, সামনে এগোতে নিজেই নিজেকে তাড়না দেয়। খুব কম খেলোয়াড় কিংবা মানুষ এমন হয়। অনেকেই আমাদের দুজনের মধ্যে তুলনা করেন। মাঠে আমরা দুজনই আক্রমণাত্মক। লং অন কিংবা লং অফে থাকলেও ক্রিকেটের প্রতি বিরাটের আগ্রহটা খুব ভালো লাগে। দলের বোলার ব্যাটসম্যানের প্যাডে বল লাগালেও আউটের আবেদন করে সে। মাঠে এমন খেলোয়াড় দেখতে ভালো লাগে।শুবমান গিল আরেকজন যে ব্যাটিংয়ে স্টাইলিশ এবং এমন এক গুচ্ছ খেলোয়াড়দের একজন, যাদের হাতে প্রায় সব শটই আছে। আমার প্রত্যাশা হলো, কেউ ভুলে না যায় যে তাদের মতো একজন খেলোয়াড় ছিল যে হেলমেট ছাড়াই মাঠে গিয়ে ওভাবে খেলত। এখন কিছু শট খেলা হয়, যেগুলো আমিও পারতাম, হয়তো রিভার্স সুইপ বাদে। এখনকার খেলোয়াড়দের সঙ্গে আমার স্কোরিং রেট মিলে যায়, এটাও ভাবতে ভালোই লাগে। যদিও খেলাটা অনেক বদলে গেছে;তবে ভক্ত হিসেবে বলতে পারি, খেলাটা এখন যে অবস্থানে আছে, সে জন্য আমি আনন্দিত।

এবার বিশ্বকাপে ভারত এভাবে খেলেই শিরোপা জিততে চায়। চিন্তাভাবনাটা এমনই হওয়া উচিত এবং আমি ড্রেসিংরুমে থাকলে আলাদা কিছু ভাবতাম না। একদম আক্রমণাত্মক ক্রিকেট খেলো। এই মানসিকতা এখন পর্যন্ত কাজে লেগেছে এবং এখান থেকে সরে আসাটা ভালো কিছু হবে না। আমার মনে হয়, তারা অপরাজিত চ্যাম্পিয়নও হতে পারে।

আফগানিস্তানকে এই বিশ্বকাপে অন্যতম উজ্জ্বল দল মনে হচ্ছে। তারা ২৫০,এর বেশি স্কোর করলে, যে বোলিং আক্রমণ তাতে ম্যাচ থেকে ছিটকে ফেলা খুব কঠিন। যদিও গ্লেন ম্যাক্সওয়েল সম্প্রতি তাদের হারিয়েছে, কিন্তু সাম্প্রতিক সময়ে দলটা যেমন খেলছে, তাতে আফগানিস্তানে যারা ক্রিকেট খেলছে, তারা অনুপ্রাণিত হবে।

ঠিক উল্টোভাবে, ওয়েস্ট ইন্ডিজের জন্য ব্যাপারটা লজ্জার যে তারা এই বিশ্বকাপে নেই। আমি প্রত্যাশা করি, এই অনুপস্থিতিতে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট জেগে উঠবে। কারণ, যে টুর্নামেন্টটি চলছে, সেটি আমাদের কাছে অনেক কিছু। ১৯৭৫ ও ১৯৭৯ সালে জেতা বিশ্বকাপই আমার ক্যারিয়ারের সবচেয়ে উজ্জ্বল অধ্যায়।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**